# নারীপক্ষ'র বার্ষিক কার্যক্রম প্রতিবেদন

১৩ অগ্রহায়ণ ১৪২৭- ০৬ কার্তিক ১৪২৮/২৮ নভেম্বর ২০২০ - ২২ অক্টোবর ২০২১

## নারীপক্ষ

নীলু স্কয়ার (৫ম তলা), বাড়ী-৭৫, সড়ক- ৫/এ, সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৯।

# সূচিপত্র

পৃষ্ঠা নং


১। নারীপক্ষ’র নিয়মিত অনুষ্ঠান ........................................................৩

(ক) মুক্ত ফোরাম ........................................................৩

(খ) আলোর স্মরণে কাটুক আঁধার ২০২০ ........................................৩

(গ) আন্তর্জাতিক নারী দিবস- ৮ মার্চ ২০২১ ........................................৩

২। নাসরীন হক এর ১৫তম মৃত্যুবার্ষিকী ........................................৪

৩। শিক্ষা বৃত্তি

রোকেয়া বুলি শিক্ষা বৃত্তি ........................................৪

করুণা সমাদ্দার শিক্ষা বৃত্তি ........................................ ৪

নাসরীন হক শিক্ষাবৃত্তি ........................................৪

৪। অবস্থান কর্মসূচী ........................................৪

৫। ‘লড়াইটা ভাষারও’ পোস্টার উন্মোচন ........................................৫

**৬। জাতীয় নারী সম্মেলন ২০২১ “তবুও তরী বাইতে হবে”** ........................................৫-৭

৭। নারীপক্ষ’র বিভিন্ন সভা ও বৈঠক........................................৭

(ক) মাসিক বৈঠক ........................................৭

(খ) সাপ্তাহিক বৈঠক ........................................৭

(গ) নির্বাহী পরিষদ বৈঠক ........................................৭-১৪

(ঘ) কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠক........................................১৪

(ঙ) ব্যবস্থাপনা বৈঠক ........................................১৪

(চ) কর্মী বৈঠক ........................................১৪

(ছ) ক্রয় বিক্রয় কমিটির বৈঠক ........................................১৪-২১

৮। ১৩ মে, নারীপক্ষ’র প্রতিষ্ঠা বার্ষিকী ........................................ ২১

৯। ‘ধর্মীয় উন্মাদনা ও সহিংসতা মুক্ত বাংলাদেশ চাই’ শিরোনামে নারীপক্ষ’র বিক্ষোভ কর্মসূচি ................. ২১

১০। "সহজ কঠিন দ্বন্দ্বে ছন্দে" শীর্ষক বছর ব্যাপী প্রজন্মান্তরে আলাপচারিতা ........................... ২২

১১। নতুন কর্মসূচী গ্রহণ ........................................২২-২৫

১২। নারীপক্ষ থেকে বিভিন্ন সভা/কর্মশালা/বৈঠকে অংশগ্রহণ ........................................ ২৫

১৩। দেশের বাইরে এবং আন্তর্জাতিক বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারে অংশগ্রহণ .............. ২৬

১৪। প্রতিবাদ বিবৃতি ........................................ ২৬

১৫। প্রতিবাদ জানিয়ে মন্ত্রণালয়ে ও অন্যান্য চিঠি ........................................ ২৭

১৬। অভিনন্দনপত্র ........................................ ২৭

১৭। শোকবার্তা ও শোক সংবাদ ........................................২৭-২৯

১৮। সদস্য সংবাদ ........................................ ২৯

১৯। কর্মী সংবাদ ........................................২৯-৩০

১। **নারীপক্ষ'র নিয়মিত অনুষ্ঠানঃ**

**(ক) মুক্ত ফোরামঃ প্রতিবেদনকালে মুক্ত ফোরাম/বিশেষ আলোচনা অনুষ্ঠিত হয়েছে ১টি যা নিম্নরূপঃ**

- **'আন্তলিঙ্গ মানুষের জীবন ও অধিকার'** বিষয়ে একটি মুক্ত ফোরাম অনুষ্টিত হয় আন্তর্জাল (অনলাইন) এর মাধ্যমে গত ১০ ফাল্গুন ১৪২৭/২৩ ফেব্রুয়ারি ২০২১, সন্ধ্যা ৭ টায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মোঃ রফিকুল ইসলাম, ব্যবস্থাপক, প্রশিক্ষণ এবং কাউন্সেলিং বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি (বন্ধু) এবং নূর আলম সমন্বয়কারী, জন্মেছি এই দেহে। মুক্ত ফোরাম এর পরে একই লিংক-এ মঙ্গলবার সভা অনুষ্ঠিত হয়।

**(খ) মুক্তিযুদ্ধে হারিয়ে যাওয়া স্বজনদের স্মরণে নারীপক্ষ'র শ্রদ্ধাঞ্জলি 'আলোর স্মরণে কাটুক আঁধার'- ২০২০:**

৩০ অগ্রহায়ণ ১৪২৭/১৫ ডিসেম্বর ২০২০ রাত ৮ টায় মুক্তিযুদ্ধে হারিয়ে যাওয়া স্বজনদের স্মরণে নারীপক্ষ'র আয়োজনে 'আলোর স্মরণে কাটুক আঁধার' অনুষ্ঠিত হয়। ১৯৮৮ সাল থেকে প্রতি বছর ডিসেম্বর মাসে বিজয় দিবসের প্রাক্কালে মুক্তিযুদ্ধে হারিয়ে যাওয়া স্বজনদের স্মরণে বিভিন্ন প্রতিপাদ্য নিয়ে নারীপক্ষ নিয়মিতভাবে "আলোর স্মরণে কাটুক আঁধার" অনুষ্ঠানটি উদযাপন করে আসছে। এবারের প্রতিপাদ্য ছিল "মুক্তিযুদ্ধ ও ইহজাগতিক রাষ্ট্রের স্বপ্ন"।

এই প্রতিপাদ্যকে সামনে রেখে 'আগুনের পরশমনি ছোঁয়াও প্রাণে' গানের সাথে সাথে প্রতিকী মোমবাতি প্রজ্জ্বলনের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধে হারিয়ে যাওয়া স্বজনদের স্মরণে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে ঘোষণাপত্র পাঠ করেন নারীপক্ষ'র সদস্য রেহানা সামদানী। গান পরিবেশন করেন অনিমা মুক্তি, আবৃত্তি করেন ইকবাল আহমেদ, স্মৃতিচারণ করেন মুক্তিযোদ্ধা মো: শফিকুল ইসলাম, মুক্তিযোদ্ধা শাহীন আনাম, মুক্তিযোদ্ধা মোঃ মাশরুকুর হক এবং বীরাঙ্গনা রোকেনা বেওয়া।

স্মৃতিচারণের সময় মুক্তিযোদ্ধা মো: শফিকুল ইসলাম বলেন, নতুন প্রজন্মেকে মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস জানানোর ব্যবস্থা করা হোক যেন ভবিষ্যতে কোন রকম ধর্ম, সংস্কৃতি, গান নিয়ে কোন রকম ভ্রান্ত ধারণা সৃষ্টি হওয়ার সুযোগ না থাকে। তিনি আরো বলেন, এখনও মুক্তিযুদ্ধ সম্পর্কে মানুষকে অনেক কিছু জানানো হয়নি। অনেক কিছু অমিমাংশিত রয়েছে। বাংলাদেশকে আমরা আমাদের দেশ বানাতে চাই, ধর্ম, সংস্কৃতি এবং অন্যান্য বিষয় নিয়ে বিতর্ক যেন না হয়। মুক্তিযুদ্ধের চেতনা নিয়েই বাঁচতে চাই। মুক্তিযোদ্ধা শাহীন আনাম বলেন, আমরা স্বাধীনতা পেয়েছি কিন্তু শহীদ রুমীর স্বপ্নের দেশ হিসাবে আমরা আমাদের দেশকে গড়ে তুলতে পারিনি তাঁর স্বপ্ন আজও পূরণ হয়নি। মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ের কিছু ঘটনার সাথে যুদ্ধের প্রতিটি দিনের ঘটনা যেন মনে আছে, মনে একেবারে গেঁথে আছে, এভাবে তিনি বর্ণনা করেন। মুক্তিযোদ্ধা মোঃ মাশরুকুর হক বলেন, মুক্তিযুদ্ধের ফলে আমরা একটা স্বাধীন জাতি হিসাবে বিশ্বে মাথা উঁচু করে আছি এটাই আমার পরম পাওয়া। তিনি মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ের কিছু ঘটনা বর্ণনা করেন, যুদ্ধের প্রশিক্ষণ সম্পর্কেও বর্ণনা করেন। রাজশাহীর চারঘাটের বীরাঙ্গনা রোকেনা বেওয়া বলেন, সরকারের কাছে আমাদের দাবী আমরা যেন সম্মানের সাথে বাঁচতে পারি এবং এখন আমাদের বয়স হয়েছে, এই বয়সে যেন আমরা ভালোভাবে চলতে পারি তার একটা ব্যবস্থা করে দিলে ভালো হয়। তিনি মুক্তিযুদ্ধের নারীদের ক্যাম্পে আটকে রাখার ঘটনা ও রাজাকারদের ভুমিকা, পাকবাহিনীর নৃশংসতার কথা ও তাঁর বিয়ে ও জীবনের অন্যান্য ঘটনা বর্ণনা করেন। চারঘাটে যে ক্ষতি হয়েছে, এলাকার যুবকদের কিভাবে হত্যা করা হয়েছে সেসব নির্মম কাহিনীও তুলে ধরেন তিনি। অংশগ্রহণকারীরা অনেকে তাঁকে মেসেজের মাধ্যমে স্যালুট জানায়।

**(গ) আন্তর্জাতিক নারী দিবস ২০২১, 'গণতন্ত্রের জন্য নারীর পদযাত্রা' :**

আন্তর্জাতিক নারী দিবস কমিটির উদ্যোগে ২৭ ফাল্গুন ১৪২৭/১২ মার্চ, শুক্রবার সকাল ৯ টায় শহীদ নূর হোসেন স্কোয়ারে (জিপিও এর সামনে জিরো পয়েন্ট এ) জমায়েত হয়ে সকাল ৯.৩০ ''গণতন্ত্রের জন্য নারীর পদযাত্রা" শুরু করা হয়েছে। পদযাত্রাটি শহীদ নুর হোসেন স্কোয়ার থেকে ব্যানার, প্ল্যাকার্ড, ফেষ্টুন, ঢোলক বাজনা, গান ও শ্লোগানসহ আব্দুল গনি সড়ক, জাতীয় ঈদগাহ, হাইকোর্ট হয়ে ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনের সংলগ্ন গেইট দিয়ে সোহ্রাওয়ার্দী উদ্যানে প্রবেশ করে। পদযাত্রা শেষে ঢুলির বাজনার মাধ্যমে সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে ঘোষণাপত্র পাঠ করেন নারীপক্ষ'র সদস্য ও প্রাক্তন সভানেত্রী রেহানা সামদানী। অনুষ্ঠানে গানসহ ফেষ্টুন প্রদর্শণ, নৃত্য ও গান পরিবেশন হয়। কবিতা আবৃত্তি করেন ইকবাল আহমেদ। লিঙ্গ রূপান্তরিত নারী জয়া এবং আদিবাসী নারী মায়া চাকমা তাঁদের জীবনের গল্প তুলে ধরেন। নারী ব্যান্ড

”এফ. মাইনরের” এর সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান শেষ হয়। আন্তর্জাতিক নারী দিবস কমিটির উদ্যোগে ৫০টি সংগঠন 'গণতন্ত্রের জন্য নারীর পদযাত্রা” এই কর্মসূচির আয়োজন করেছে।

**২। নাসরীন হক স্মরণ অনুষ্ঠান ২০২১**

**১১** বৈশাখ **১৪২৮** /২৪ এপ্রিল **২০২১** শনিবার নাসরীন হক এর পনরতম মৃত্যু বার্ষিকীতে করোনা মহামারীর কারণে এবারও তাঁকে শ্রদ্ধাজানিয়ে ২৪ এপ্রিল **২০২১** শনিবার সন্ধ্যা ৭.৩০ টায় অন্তর্জালে নাসরীন হক স্মরণ অনুষ্ঠান করা হয়েছে। এই অনুষ্ঠানে স্মৃতিচারণ, গান ও আবৃত্তি করার মাধ্যমে তাঁর প্রতি শ্রদ্বা জানানো হয়।

**৩। শিক্ষা বৃত্তিঃ**

**করুণা সমাদ্দার শিক্ষা বৃত্তিঃ**

**করুণা সমাদ্দার,** নারীপক্ষ’র স্বাস্থ্যদলের সক্রিয় সদস্য ছিলেন এবং নারীস্বাস্থ্য আন্দোলনে অবদান রেখেছেন। সদালাপী ও হাসিখুশী করুণা সমাদ্দার নিজেও একজন স্বাস্থ্যকর্মী ছিলেন। গর্ভবতী ও প্রসূতি নারীদের স্বাস্থ্যসেবা প্রদানের জন্য মিরপুর মাজার রোডে তিনি গড়ে তোলেন একটি স্বাস্থ্যসেবা ক্লিনিক। এই ক্লিনিকের মাধ্যমে করুণা সমাদ্দার স্বল্প খরচে গর্ভবতী ও প্রসূতি নারীদের শারীরিক বিশেষত প্রসুতিস্বাস্থ্য সেবা দিতেন। আনুমানিক ৪৭ বছর বয়সে তিনি ইহলোক ছেড়ে যান।

তাঁর স্মৃতিকে স্মরণীয় করতে নারীপক্ষ **“করুণা সমাদ্দার শিক্ষাবৃত্তি”** প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে। করুণা সমাদ্দার শিক্ষা বৃত্তির জন্য হাসনা হেনা কে নির্বাচন করা হয়েছে, বৃত্তি প্রদান জুলাই **২০২১** থেকে শুরু হয়েছে ।

**লুৎফুন নাহার আজাদ শিক্ষা বৃত্তি :**

লুৎফুন নাহার আজাদ নারীপক্ষ’র সদস্য ও সোসিও ইকোনোমিক ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসডিপি) এর প্রতিষ্ঠাতা ছিলেন। নোয়াখালী জেলার সুধারাম উপজেলায় তাঁর জন্ম ও বেড়ে ওঠা। বি এ পাশ করার পর তিনি ‘মা ও শিশু স্বাস্থ্য’ প্রকল্পের মাধ্যমে কর্মজীবন শুরু করেন। এরপর **১৯৯৬** সালে “সোসিও ইকোনোমিক ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসডিপি)**”** নামে স্বেচ্ছাসেবী সংগঠন প্রতিষ্ঠা করেন। নারী অধিকার প্রতিষ্ঠায় তিনি ছিলেন অগ্রণী এবং অনেকের আদর্শ ও অনুকরণীয়। দীর্ঘ চার দশকের কর্মময় জীবনে তিনি ছিলেন সৎ,
অকুতোভয় এবং প্রতিবাদী।

লুৎফুন নাহার আজাদ ৯ জুলাই, **২০২১** মারা গেছেন। তাঁর স্মৃতিকে স্মরণীয় করে রাখতে নারীপক্ষ **“লুৎফুন নাহার আজাদ শিক্ষাবৃত্তি”** প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে অক্টোবর ২০২১ থেকে।

**নাসরীন হক শিক্ষাবৃত্তিঃ**

নাসরীন হক একটি আন্দোলনের নাম, একজন সাহসী, মানবতাবাদী ও দেশপ্রেমিক মানুষের নাম। যাঁর স্বপ্ন ছিল, সর্বস্তরের সকল মানুষের অধিকার প্রতিষ্ঠা। তিনি নিজে স্বপ্ন দেখতেন এবং অন্যকে স্বপ্ন দেখাতে পারার অসাধারণ ক্ষমতা ছিল তাঁর। তাঁর কর্মদক্ষতা ও স্পষ্টবাদিতাও ছিল অতুলনীয়।

নাসরীন হক অনুভব করেছিলেন জীবনের যুদ্ধে যারা লিপ্ত, যারা সমাজের গন্ডীকে ভাঙ্গতে তৎপর তাঁদের জন্য প্রয়োজন একটু ভালবাসা, একটু মমতার স্পর্শ এবং একটি ভরসার জায়গা। তিনি এটা দিতে পেরেছিলেন তাঁর চার পাশের মানুষকে। তিনি জানতেন, সাহায্য সহযোগিতার সাথে সাথে দুর্বল বা ভুক্তভোগীর জন্য আস্থা, মমতা ও স্নেহ আবশ্যক। তাই তিনি সদা সর্বদা প্রস্তুত থাকতেন যথা সময়ে সঠিকভাবে তাঁদের পাশে দাঁড়াতে। তাঁর কাছে ধনী-দরিদ্র, জাতি, ধর্ম, বর্ণ, ভাষার বা চেনা- অচেনা মানুষের মধ্যে কোন ভেদাভেদ ছিল না। তাঁর ভালবাসা অনেকের জীবনে এনে দিয়েছে আলো। সাহস যুগিয়েছে বন্ধুর পথ অতিক্রম করে এগিয়ে যাবার। প্রেরণা যুগিয়েছে যুদ্ধ করে জীবনে বিজয় অর্জনের।

তাঁর স্মৃতিকে স্মরণীয় করতে নারীপক্ষ “নাসরীন হক শিক্ষাবৃত্তি” প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে একজন আদিবাসী, বিজ্ঞান / চিকিৎসা বিজ্ঞান /প্রিকৌশলী বিজ্ঞানে স্নাতক শ্রেণীর ছাত্রীকে। বৃত্তি পাচ্ছেন রাবিত্রী হাসদা।

**৪। অবস্থান কর্মসূচি:**

*নারীপক্ষ'র 'সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার' কর্মসূচির আওতায় ৫ মাঘ ১৪২৭/ ১৮ জানুয়ারি ২০২১ এবং ১২ পৌষ ১৪২৭/২৭ ডিসেম্বর ২০২০ "সহিংসতা মুক্ত নারীর জীবন" শিরোনামে তরুণ প্রজন্মের ভাবনা বিষয়ে অনলাইনে অবস্থান কর্মসূচি পালন করে যা নারীপক্ষ'র ফেসবুকেও সরাসরি সম্প্রচার করা হয়েছে।

* নারীপক্ষ'র সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার কর্মসূচির আওতায় "সহিংসতা মুক্ত নারীর জীবন" শিরোনামে গত ৫ মাঘ ১৪২৭/১৮ জানুয়ারি ২০২১ সোমবার সন্ধ্যা ৭.৩০ মিঃ তরুণ প্রজন্মের ভাবনা" বিষয়ক আলোচনা অন্তর্জালে (অনলাইন) অনুষ্ঠিত হয় যা নারীপক্ষ'র  ফেসবুকেও সরাসরি সম্প্রচার করা হয়।

তরুণ আলোচকদের অভিজ্ঞতা ও ভাবনা বিষয়ক আলোচনা নারী আন্দোলনে আরও কিভাবে ভুমিকা রাখতে পারে বা এগিয়ে নিয়ে যেতে পারে সে বিষয়ে নিজের মতামত ও আলোচনার  সারমর্ম করেন  নারীপক্ষ'র  সদস্য রীনা রায়। তরুণ আলোচকরা হলেন- শ্রমনা হোসেন, মনিমালা চাকমা, অহিদুল ইসলাম পার্বতী, রুমানা তাবাস্‌সুম, বিবি কুলসুম লিপি ও জান্নাতুল মুনতাহিরা মৌটুসী ইলা।

* নারীপক্ষ'র সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার কর্মসূচির আওতায় "সহিংসতা মুক্ত নারীর জীবন" শিরোনামে আগামী **১২** পৌষ ১৪২৭/ ২৭ ডিসেম্বর ২০২০ "তরুণ প্রজন্মের ভাবনা" বিষয়ক আলোচনা অনলাইনে অনুষ্ঠিত হয় যা নারীপক্ষ'র ফেসবুকেও  সরাসরি  সম্প্রচার করা হয়।

তরুণ আলোচকদের অভিজ্ঞতা ও ভাবনা বিষয়ক আলোচনা নারী আন্দোলনে আরও কিভাবে ভুমিকা রাখতে পারে বা এগিয়ে নিয়ে যেতে পারে সে বিষয়ে নিজের মতামত ও আলোচনার  সারমর্ম করেন  নারীপক্ষ'র  সদস্য  ইউ. এম হাবিবুন নেসা। তরুণ আলোচক হিসেবে অংশগ্রহণ করেন আঁখি মনি -  চাকুরীজীবি - গাইবান্ধা, আনতারা ইসলাম - ছাত্রী, ঢাকা বিশ্ববিদ্যালয় , ঢাকা, শ্রাবস্তী রায় নাথ - ছাত্রী, এশিয়ান বিশ্ববিদ্যালয় , চট্রগ্রাম, শাহানাজ - চাকুরীজীবি  (উর্দুভাষী), মনন  মুনতাকা - ফটো সাংবাদিক, সানজিদা আক্তার শিফা - ছাত্রী, মহানগর, মহিলা কলেজ, ঢাকা, সোমা রহমান মুন্সী - পোষাক শিল্প শ্রমিক।

**৫। 'লড়াইটা ভাষারও' পোষ্টার উন্মোচন:**

নারীপক্ষ ২০ অগ্রহায়ণ ১৪২৭/৫ ডিসেম্বর ২০২০ বেলা ১১:০০ টায় নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক

প্রতিবাদ দিবস উপলক্ষে অনলাইনে সংবাদ সম্মেলনের আয়োজন করে। উক্ত সংবাদ সম্মেলনে 'লড়াইটা ভাষারও' বিষয়ক পোষ্টার উন্মোচন করা হয়। নারীপক্ষ'র ভাষাগত চর্চা কেন করা হয় সে বিষয়ে বিভিন্ন প্রচার মাধ্যমের

সাংবাদিকদের সাথে আলোচনা হয় এবং ভাষা সংক্রান্ত নারীপক্ষ'র অবস্থান এই সংবাদ সম্মেলনে তুলে ধরা হয়। উক্ত সংবাদ সম্মেলনে নারীপক্ষ'র পক্ষ থেকে ব্যাখ্যা করেন সদস্য কামরুন নাহার, সামিয়া আফরীন ও রওশন আরা। তাঁদের সাথে আরো যুক্ত হন নারীপক্ষ'র সদস্য গীতা দাস, মাহবুবা মাহমুদ, শিরীন হক, অমিতা দে এবং ইউ. এম. হাবিবুন নেসা। পোষ্টারটির ডিজাইনার তাসাফী হোসেন ও তাঁর অনুভুতি প্রকাশ করেন।।

**৬। জাতীয় নারী সম্মেলন ২০২১, *"তবুও তরী বাইতে হবে" :***

গত ১৫ মাঘ ১৪২৭/২৯ জানুয়ারি ২০২১ সকাল ১০টায় আন্তর্জাল (জুম) মাধ্যমে 'পথে এবার নামো সাথী পথেই হবে পথ চেনা' গানটির সাথে নারীপক্ষ'র বিভিন্ন কর্মসূচির ভিডিও ক্লিপ প্রদর্শন করে **"তবুও তরী বাইতে হবে"** জাতীয় নারী সম্মেলনের উদ্বোধন করা হয়। স্বাগত বক্তব্য রাখেন নারীপক্ষ'র সভানেত্রী মাহমুদা বেগম গিনি। গত দু'বছরে আমাদের মধ্য থেকে হারিয়ে যাওয়া অনেক আপনজন ও প্রিয় ব্যক্তিত্বকে স্মরণ করে শোকবার্তা উপস্থাপন করেন নারীপক্ষ'র সদস্য ও কর্মী নাজমুন নাহার। সূচনা বক্তব্য রাখেন নারীরপক্ষ'র আন্দোলন সম্পাদক তামান্না খান পপি। "জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে নারীমুক্তি আন্দোলনের ধারণা ও অভিজ্ঞতা বিনিময়" এ উদ্দেশ্য নিয়ে আয়োজিত দুইদিন ব্যাপি জাতীয় নারী সম্মেলন চলেছে। সম্মেলনে

নারীপক্ষ'র সদস্য, কর্মী এবং সারা দেশে থেকে অন্তর্জালের মাধ্যমে সহযোগী সংগঠনের প্রতিনিধি, দুর্বার নেটওয়কের্র সদস্য, সহযোদ্ধা, বন্ধু ও শুভানুধ্যায়ীসহ প্রায় পাঁচশত জন অংশগ্রহণ করেন।

'অর্থনীতিতে নারীর অবস্থান' অধিবেশন এ সঞ্চালক হিসেব মাহীন সুলতান, নির্বাহী সদস্য ও প্রাক্তন সভানেত্রী এবং সহ সঞ্চালক হিসেবে দায়িত্ব পালন করেন অর্চনা বিশ্বাস, নির্বাহী সদস্য ও প্রাক্তন সভানেত্রী ।

উক্ত অধিবেশনে বক্তা হিসেবে সানজিদা সুলতানা, কর্মসুচি ও নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) কর্মজীবি নারী তাঁর আলোচনায় বলেন কৃষি কাজের ২১টি ধাপের মধ্যে ১৭টি করে নারী কিন্তু সেই কাজের কোন স্বীকৃতি ও মূল্য নাই। তিনি বলেন, কৃষক নারীদের নুন্যতম মজুরী, প্রণোদনা কার্ড এবং বিভিন্ন দুর্যোগে রেশনিং এর ব্যবস্থা করতে হবে।

কল্পনা আক্তার, নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেন্টার ফর ওয়ার্কার্স সলিডারিটি; সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস এন্ড ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কার্স ফেডারেশন বলেন, রানা প্লাজা ধ্বসের পর পোশাক শিল্প কারখানাগুলোতে বিদেশী ক্রেতাদের চাপে কাঠামোগত যথেষ্ট উন্নতি হলেও কর্মস্থলে নারী শ্রমিকেদের কম মজুরী, যৌন হয়রানি, শারীরিক নির্যাতন, যোগ্যতা থাকা সত্বেও পদোন্নতি না হওয়া একটি নিয়মিত চর্চায় পরিনত হয়েছে। এই অবস্থার উন্নয়নের জন্য যৌথভাবে আন্দোলন করতে হবে। যেসব নারীরা কেয়ার গিভিং এর কাজ করে তাঁদের সামাজিক সুরক্ষা কি হবে তা ভাবতে হবে এবং একটি ভবিষ্যৎ পরিকল্পনা করতে হবে।

ড: তাসনীম সিদ্দিকী, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়; নির্বাহী পরিচালক, রামরু বলেন, অভিবাসন শুধু যে নারী শ্রমিককে নির্যাতন করে তাই না তাকে ক্ষমতায়িতও করে এ বিষয়গুলো আমাদের ভাবতে হবে। অভিবাসন নারী শ্রমিকেরা যাতে নিরাপদে স্বসম্মানে কাজ করতে পারেন সে বিষয়ে রাষ্ট্রকে স্বক্রিয় পদক্ষেপ নিতে হবে। কোন নারী শ্রমিক নির্যাতনের শিকার হলে সেই দেশের শ্রম আদালতের মাধ্যমে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে। করোনা পরিস্থিতিতে অভিবাসন পুরুষ শ্রমিকের চাইতে নারী শ্রমিক ফেরত এসেছে কম। কারণ নারীরা যেহেতু গৃহ শ্রমিক হিসেবে কাজ করে সেই কারণে বেতন দেরীতে পেলেও চাকুরী হারায়নি।

স্বর্ণলতা রায়, সভাপতি, সিলেট উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি বলেন, নারী উদ্যোক্তারা যাতে নিরাপদে চলাফেরা করতে পারে সেজন্য যানবাহনের নিরাপত্তা খুবই দরকার, পাশাপাশি প্রতিটি জেলার কর্মজীবী নারীদের জন্য হোস্টেল থাকা জরুরী। সঞ্চালক মাহীন সুলতান অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলেন, সব নারীই কর্মজীবী, সব কাজের মূল্য চাই, স্বীকৃতি চাই। এই জন্য আমাদের যৌথভাবে কাজ করতে হবে।

অনুষ্ঠানের এ পর্যায়ে নারীপক্ষ'র প্রাক্তন সভানেত্রী, সৈয়দা রুবী গজনবীকে সংবর্ধনা দেয়া হয়। ফারাহ গজনবী নারীপক্ষ'র পক্ষ থেকে তাঁকে উত্তরীয় ও ক্রেস্ট প্রদান করেন। স্মৃতিচারণে তিনি বলেন নারীপক্ষ'র বিভিন্ন কর্মসূচির সাথে তাঁর যুক্ততা আন্দোলনের অভিজ্ঞতা তুলে ধরেন এবং এই সংবর্ধনার দেয়ার জন্য নারীপক্ষকে ধন্যবাদ জানান। নারীপক্ষ'র জন্ম ও শুরুর দিকের কথা বলতে গিয়ে তিনি কবি জাহেদা খানমের প্রতি কৃতজ্ঞতা জানান। কারণ, কবি জাহেদা খানমের বাসা থেকে নারীপক্ষ'র যাত্রা শুরু হয়েছিল। তাই তিনি তাঁর আজকের এই সম্মননা কবি জাহেদা খানকে উৎসর্গ করেন।

'রাজনীতিতে নারীর অংশগ্রহণ ও প্রতিনিধিত্ব' অধিবেশনে নারীপক্ষ'র নির্বাহী সদস্য ও প্রাক্তন সভানেত্রী রীনা রায় সঞ্চালক এবং সদস্য মাহফুজা আক্তার মালা সহ সঞ্চালক হিসেবে দায়িত্ব পালন করেন। বক্তা হিসেবে সাগুফতা ইয়াছমিন, মাননীয় সংসদ সদস্য, মুন্সিগঞ্জ-২; ডা. মাহলেকা বানু, সাধারণ সম্পাদক, বাংলাদেশ মহিলা পরষদ, শতরুপা চাকমা সদস্য, জেলা পরিষদ খাগড়াছড়ি; ডা. মনীষা চক্রবর্তী সদস্য সচিব, বাসদ, বরিশাল যুক্ত ছিলেন।

**"তবুও তরী বাইতে হবে" জাতীয় নারী সম্মেলন ১৬ মাঘ ১৪২৭/৩০ জানুয়ারি ২০২১ দ্বিতীয় দিন:**

"তবুও তরী বাইতে হবে" শিরোনামে নারীপক্ষ'র দুইদিন ব্যাপী জাতীয় নারী সম্মেলনের শেষ দিনে 'পথে এবার নামো সাথী পথেই হবে পথ চেনা' গানটির সাথে নারীপক্ষ'র বিভিন্ন কর্মসূচির ভিডিও ক্লিপ প্রদর্শন এর মধ্য দিয়ে দ্বিতীয় দিনের প্রথম অধিবেশন শুরু হয়।

“নারী মুক্তি আন্দোলন: কতিপয় মৌলিক বিষয় ও বিতর্ক” শীর্ষক আলোচনায় সঞ্চালনার দায়িত্ব পালন করেন ফিরদৌস আজীম, নির্বাহী সদস্য ও প্রাক্তন সভানেত্রী, নারীপক্ষ এবং সহসঞ্চালক হিসেবে ছিলেন ফজিলা বানু লিলি, নির্বাহী সদস্য ও প্রাক্তন সভানেত্রী, নারীপক্ষ। উক্ত অধিবেশনে বক্তার আসন অলংকৃত করেছেন আন্তর্জাতিক নারী আন্দোলনের বিশিষ্ট নেত্রীবৃন্দ:

১. শান্তি দায়রিয়াম, প্রতিষ্ঠাতা, ইরো এশিয়া প্যাসিফিক, মালয়েশিয়া সিডও এর অনুমোদন ও প্রতিষ্ঠাকে কেন্দ্র করে নারীর সমতার জন্য আন্তর্জাতিক সংগ্রাম সম্পর্কে আলোচনা করেন। তিনি বলেন, নারীমুক্তি আন্দোলনকারী সংগঠনসহ সরকারী বেসরকারী সকল প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নারীর প্রতি বৈষম্য বিলোপ সনদ (সিডও) সম্পর্কে ধারণা প্রদানের জন্য প্রশিক্ষণ দেয়া প্রয়োজন। তিনি আরও বলেন, কোন রাষ্ট্র সিডওতে শুধু অনুস্বাক্ষর করলেই হবে না বাস্তবে নারীরা সিডওতে বর্ণিত অধিকার এবং সুযোগ সুবিধা ভোগ করতে পারছে কিনা তা পর্যবেক্ষণ করা এবং তা বাস্তবায়নের জন্য কাজ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২.সিভানানথী থানেনথীরান, নির্বাহী পরিচালক, এশিয়া প্যাসিফিক রিসোর্স এন্ড রিসার্চ সেন্টার, মালয়েশিয়া নারীর যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকারের স্বীকৃতি ও প্রতিষ্ঠার জন্য সংগ্রাম বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন, নারীমুক্তি আন্দোলনের একটি মূল বিষয় হওয়া উচিত ‘নারীর যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার’। ‘যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার’ শুধুমাত্র স্বাস্থ্য ও প্রজনন সেবা নয়, নারীর জীবন জীবিকা উন্নয়নের জন্য অধিকার ভিত্তিক সমন্বিত কর্মসূচি । যেমন, নারীর জন্য জলবায়ু, শিক্ষা, বাসস্থান ইত্যাদি। তিনি আরো বলেন, হিজরা ও সমকামীদের অবহেলা না করে বরং নারী আন্দোলনের বিষয় হিসেবে গণ্য করে আন্দোলনেক এগিয়ে নিয়ে যাওয়া প্রয়োজন। তিনি বৈবাহিক সম্পর্কের মধ্যে স্ত্রীর অসম্মতিতে যৌন সম্পর্ককে ধর্ষণ ও যৌন নির্যাতন হিসেবে গণ্য করার উপর জোর দেন।

৩. মাধু মেহরা, নির্বাহী পরিচালক, পার্টনারস ফর ল এন্ড ডেভেলপমেন্ট, নয়াদিল্লী, ভারত জনগণের কল্যাণ বিবেচনা করে বৈষম্যমূলক আইন সংস্কার, নারী সুরক্ষার জন্য নতুন আইন প্রনয়ণ এবং বাস্তবায়নের জন্য বিভিন্ন নেটওয়ার্ককে একত্রিত হয়ে কাজ করার পরামর্শ দেন। মৃত্যুদন্ড কোন অপরাধের শাস্তি হতে পারে না বলেও তিনি উল্লেখ করেন।

সম্মেলনের চতুর্থ অধিবেশনে নারীপক্ষ’র বিভিন্ন কর্মশালা ও সম্মেলন থেকে প্রাপ্ত অগ্রাধিকার ভিত্তিতে নারী মুক্তির লক্ষ্যে সুপারিশ সমূহ উপস্থাপন করা হয় এবং সেই আলোকে সুপারিশ সমূহ একসাথে বাস্তবায়ন করার জন্য আলোচনা করা হয়। উক্ত অধিবেশনের সঞ্চালনায় ছিলেন গীতা দাস, সদস্য নারীপক্ষ এবং সহসঞ্চালক হিসেবে ছিলেন রওশন আরা, আফসানা চৌধুরী, কে. এ. জাহান রুমী, সামিয়া আফরিন এবং রিতা দাস রায় যারা সবাই নারীপক্ষ’র সদস্য।

সান্ধ্যকালীন অধিবেশনে “নারীবাদী নেতৃত্বের বিকাশ: পথ চলার অভিজ্ঞতা” শীর্ষক আলোচনায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন শিরীন হক, নির্বাহী সদস্য ও প্রতিষ্ঠাতা সভানেত্রী, নারীপক্ষ এবং সহসঞ্চালক হিসেবে ছিলেন কামরুন নাহার, সদস্য ও প্রকল্প পরিচালক, নারীপক্ষ। বক্তার ভূমিকায় ছিলেন মৈত্রেয়ী মুখোপাধ্যায়, প্রাক্তন সিনিয়র উপদেষ্টা, রয়েল ট্রপিকেল ইনিষ্টিটিউট, আর্মষ্টারডাম; শাহানা হানিফ, কমিউনিটি সংগঠক, নিউইয়র্ক; সৈয়দা সামারা মোরতাদা, আঞ্চলিক আন্দোলন নির্মাতা (She Decides) ও প্রতিষ্ঠাতা, প্রজন্মান্তরে নারীবাদী মৈত্রী; খাওয়ার মমতাজ, সভাপতি, জাতীয় মহিলা কমিশন, পাকিস্তান অংশগ্রহণ করেন।

জাহানারা খাতুন, সম্মেলন সমন্বয়কারী ও সদস্য নারীপক্ষ সমাপনী অধিবেশনে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন, সহযোগীতায় ছিলেন আফরিনা বিনতে আশরাফ সদস্য নারীপক্ষ।

৭। **নারীপক্ষ'র বিভিন্ন কর্মশালা/বৈঠক:**

(ক) মাসিক বৈঠক: মাসের প্রথম মঙ্গলবার নারীপক্ষ'র মাসিক বৈঠক অনুষ্ঠিত হয়ে থাকে; সেই অনুযায়ী প্রতিবেদনকালে (০১ ডিসেম্বর ২০২০ - ৫ অক্টোবর ২০২১) **১১** টি মাসিক বৈঠক হওয়ার কথা থাকলেও মোট **১৩**টি মাসিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। কোভিড-**১৯** এর কারণে প্রতিটি সভা আন্তর্জালে হচ্ছে।

**(খ) সাপ্তাহিক বৈঠক: মাসের প্রথম মঙ্গলবার বাদে প্রতি মঙ্গলবার সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয়ে থাকে। প্রতিবেদনকালে সভাগুলো জুম অনলাইনে (আন্তর্জালে) করা হয়েছে।** ৩০ মার্চ ২০২১ শব-ই-বরাতের সরকারী ছুটি থাকায়, ২০ জুলাই ২০২১ ঈদ-উল-আজহা এর আগের দিন এজন্য সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয়নি।

(গ) নির্বাহী পরিষদ বৈঠক: **প্রতিবেদন কালে মোট ৩টি (১৬ শ্রাবণ ১৪২৮/৩১ জুলাই ২০২১, ১১** বৈশাখ ১৪২৮/২৪ এপ্রিল ২০২১, **১১ পৌষ ১৪২৭/২৬ ডিসেম্বর ২০২০**) বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ এবং এর বাস্তবায়ন অবস্থা নিম্নরূপ:

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| **নারীপক্ষ'র সাধারণ সহায়তা** | **১৬ শ্রাবণ ১৪২৮/৩১ জুলাই ২০২১** | নারীপক্ষ'র সাধারণ সহায়তা তহবিল থেকে মমতাজ বেগমের নাতনি সানজিদা আক্তার শিফাকে তার পড়ালেখার জন্য যে মাসিক আর্থিক সহায়তা (প্রতি মাসে দুই হাজার টাকা করে) দেয়া হচ্ছিলো তা অব্যাহত রাখা হবে কি না সে বিষয়ে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটিতে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হবে। | নারীবাদী জরুরী গবেষনা প্রকল্প'র অধীনে কুর্মিটোলা ক্যাম্পে পারিবারিক সহিংসতার শিকার **২১**জন নারীর দৈনদিন জীবন ও ক্যাম্পের সার্বিক পরিবেশ চিত্র ধারন বাবদ প্রাপ্ত সম্মানী ১০,৮০০/টাকা ফাহাদ কায়জার অনুদান বাবদ প্রদান করেন, তার সম্মতিতে উক্ত টাকার মাধ্যমে আগষ্ট থেকে ডিসেম্বর ২০২১ পর্যন্ত ৫ মাস তার শিক্ষা বৃত্তি চলমান থাকবে। |
| **প্রকল্প পরিচালকের ভ্রমণ ও যাতায়াত বিল অনুমোদন** | | প্রকল্প পরিচালকের ভ্রমণ ও যাতায়াত বিল অনুমোদন করবেন প্রকল্প সমন্বয়কারী অথবা প্রকল্প সমন্বয়কারী না থাকলে সভানেত্রী/কোষাধক্ষ, তবে সেক্ষেত্রে সকল সাপোর্টিং পেপার/ডকুমেন্ট/আইটিনারি সাথে দেয়া হবে এবং বিষয়টি সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের TOR- এ উল্লেখ থাকবে; কোষাধ্যক্ষের কার্যপরিধিতেও এর উল্লেখ থাকবে - এই বিষয়টি নির্দেশনা হিসেবে প্রশাসনে রাখা হবে এবং পরবর্তীতে কর্মীর TOR এবং কোষাধ্যক্ষের কার্যপরিধিতে যুক্ত করা হবে। | **সিদ্ধান্ত অনুযায়ী কাজ করা হচ্ছে।** |
| **মানবিক সংগঠন হওয়ার ক্ষেত্রে নারীপক্ষ'র করণীয়** | | মানবিক সংগঠন হওয়ার ক্ষেত্রে নারীপক্ষ'র করণীয় বিষয়ে সদস্য ফজিলা বানু লিলি ও আসমা বীথি এর তৈরিকৃত খসড়াটিতে যারা মন্তব্য/মতামত দিয়েছেন তাঁদের নিয়ে একটি আলোচনাসভা করা হবে। | এখনো হয়নি |
| **আর্থিক নীতিমালা অনুমোদন** | | নারীপক্ষ'র আর্থিক নীতিমলাটি চূড়ান্ত করে একটি বিশেষ নির্বাহী পরিষদ বৈঠকের মাধ্যমে অনুমোদন নেয়া হবে। | **চলমান** |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| **প্রকল্প সমূহের কর্মপরিকল্পনা হালনাগাদ করা** | | বর্তমান কোভিড পরিস্থিতি মাথায় রেখে প্রকল্প কর্মদলে আলোচনা করে চলমান প্রকল্পগুলোর রিভাইস কর্মপরিকল্পনা ও বাজেট তৈরি করা হবে। | চলমান |
| **কর্মসূচির জন্য স্থায়ী কর্মী** | | নারীপক্ষ'র কর্মসূচিগুলোর জন্য স্থায়ী কর্মী নিয়োগ বিষয়ে নির্বাহী পরিষদের আজকের (৩১/০৭/২১) বৈঠকে যে আলোচনা উত্থাপন করা হয়েছে সেটি সুনির্দিষ্ট প্রস্তাব আকারে দেয়া হবে।<br>উল্লেখ্য, ২৫ জুলাই ২০২১ এই বিষয়ে প্রথম আলোচনা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন- মাহীন সুলতান, নাজমুন নাহার শেলী, কে. এ. জাহান রুমী, রওশন আর, সামিয়া আফরীন, সুপ্তি ড্রিব্রা ও কামরু নাহার।<br>**উক্ত আলোচনার সারমর্ম নিম্নরূপঃ**<br>১. এখন যে কাঠামো আছে তার সাথে একজন 'নির্বাহী পরিচালক' পদ যুক্ত করা যেতে পারে<br>২. কর্মসুচি ভিত্তিক প্রধান- এর পদ তৈরি করা যেতে পারে ৩-৪ টি<br>৩. একজন কর্মসূচি পরিচালক নেয়া যেতে পারে<br>৪. একজন কর্মসূচি উন্নয়ন কর্মকর্তা (Program Development) ও একজন পরিবীক্ষণ ও মূল্যায়ন কর্মকর্তা -এর পদ যুক্ত করা যেতে পারে<br>৫. কর্মসূচি ভিত্তিক, সংগঠনের প্রয়োজন অনুযায়ী স্থায়ী পদ সৃষ্টি করা যেতে পারে<br>**এই প্রস্তাবনার জন্য বাজেট তৈরি করতে একটি নির্দেশনা তৈরি করা হবে, যেমনঃ**<br>● নির্বাহী পরিচালক, বিভিন্ন কর্মসুচির পরিচালক ও হিসাব পরিচালক -এর বেতনের উৎস নির্ধারণের কৌশল নিতে হবে<br>● নারীপক্ষ'র নিজস্ব তহবিল বৃদ্ধি করতে হবে<br>● কোন প্রকল্প/ দাতা সংস্থার অর্থ না থাকলে কী করা হবে সেটা নির্ধারণ করতে হবে<br>● অন্যান্য ঝুঁকি কি কি হতে পারে তা আলোচনা করে তার কাঠামো ঠিক করতে হবে<br>● সুনির্দিষ্ট প্রস্তাবনা বার্ষিক সভায় উপস্থাপন করার জন্য প্রস্তুতি নিতে হবে। | এ আলোচনা আর এগোয়নি। |
| **কর্মী মূল্যায়ন ছক** | | নারীপক্ষ'র রিভাইসকৃত কর্মী মূল্যায়ন ছকটি অনুমোদনের জন্য কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটিকে দেয়া হবে। | ব্যবস্থাপনা কমিটি বৈঠকে উপস্থাপন করে চুড়ান্ত করা হয়েছে আগামী কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটি বৈঠকে অনুমোদনের জন্য দেয়া হবে। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| **অনুমোদিত প্রতিবেদনে স্বাক্ষর** | | নারীপক্ষ'র কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটি এবং নির্বাহী পরিষদ বৈঠকের অনুমোদিত প্রতিবেদনে স্বাক্ষর করবেন- বৈঠকে যিনি সভাপতিত্ব করবেন তিনি। | প্রক্রিয়া চলমান |
| **'নারীর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতকরণ' প্রকল্প** | | মানুষের জন্য ফাউন্ডেশন- এর অর্থসহায়তায় পরিচালিত 'নারীর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতকরণ' প্রকল্পটির মেয়াদ যেহেতু ৩১ ডিসেম্বর ২০২১ শেষ হয়ে যাবে সেহেতু, **এই প্রকল্পটি কি কি কাজ করেছে, ফলাফল/অর্জন কী হয়েছে এবং কি কি বাধা বা চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়েছে- এই সকল বিষয়সমূহ লিখিতভাবে প্রথমে নারীপক্ষ'র আন্তঃপ্রকল্প বৈঠক এবং মঙ্গলবারের সভায় দেয়া হবে। সেখানকার আলোচনা, মতামত ও পরামর্শের ভিত্তিতে করণীয় বিষয়ে একটি সুনির্দিষ্ট প্রস্তাবনা কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটিকে দেয়া হবে। কমিটি সেগুলো আলোচনা-পর্যালোচনার মাধ্যমে সিদ্ধান্ত নেবে।** | **প্রকল্পটি মার্চ ২০২২ পর্যন্ত নো-কস্ট এক্সস্টেনশন করা হয়েছে।** |
| **বার্ষিক আলোচনা ও দ্বি-বার্ষিক সাধারণ সভা- ২০২১** | | নারীপক্ষ'র বার্ষিক আলোচনা ও দ্বি-বার্ষিক সাধারণ সভা- ২০২১ অনুষ্ঠিত হবে আগামী ২১, ২৩,২৮,৩০ অক্টোবর এবং ৬ নভেম্বর ২০২১ অনলাইনে। | **পরিকল্পনানুযায়ী চলছে** |
| **অবয়ব- এর সাথে নারীপক্ষ'র অংশীদারিত্ব ভিত্তিক কাজ** | **১৬ শ্রাবণ ১৪২৮/৩১ জুলাই ২০২১** | অবয়ব- এর সাথে নারীপক্ষ অংশীদারিত্ব ভিত্তিক প্রকল্প বাস্তবায়ন কাজ করবে। এই কাজে নারীপক্ষ থেকে সমন্বয়ের দায়িত্ব পালন করবেন সদস্য সামিয়া আফরীন। | প্রকল্প অনুমোদন সংক্রান্ত এফডি ৬ এনজিও বিষয়ক ব্যারোতে প্রক্রিয়াধীন আছে। |
| **নাসরীন হক হত্যা মামলার রায় পরবর্তী করণীয়** | **১১ বৈশাখ ১৪২৮/২৪ এপ্রিল ২০২১** | 'এ্যাকশন এইড' বাংলাদেশ- এর কাছে নাসরীন হক এর কোন টাকা-পয়সা পাওনা আছে কি না এবং থাকলে তা পাওয়ার জন্য করণীয় বিষয়ে উক্ত প্রতিষ্ঠানের কান্ট্রি ডিরেক্টর ফারাহ্ কবীর এর সাথে শিরীন হকসহ প্রথমে একটি বৈঠক করা হবে। এরপর এই বৈঠকের আলোচনা ও ফারাহ্ কবীর এর পরামর্শ অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেয়া হবে। | |
| **প্রকল্পসমূহের জন্য আলাদা আলাদা ব্যাংক হিসাব খোলার বিধান গঠনতন্ত্রে অন্তর্ভুক্ত করা** | | প্রকল্পসমূহের জন্য আলাদা আলাদা ব্যাংক হিসাব খোলার বিধান গঠনতন্ত্রে অন্তর্ভুক্ত করার জন্য যে খসড়াটি তৈরি করা হয়েছে তাতে নিম্নরূপ সংশোধনী/সিদ্ধান্ত যুক্ত করা হলো:<br>● কোন প্রকল্পের জন্য আলাদা ব্যাংক হিসাব খোলার অনুমোদনকারী হবে নির্বাহী পরিষদ, তবে প্রয়োজনে নির্বাহী পরিষদের অনুমতি সাপেক্ষে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটিও এই অনুমোদন দিতে পারবে।<br>● নারীপক্ষ'র 'মাদার একাউন্ট' ছাড়া অন্য যে একটি মূল একাউন্ট আছে সেটির নাম পরিবর্তন করে **'নারীপক্ষ'র সাংগঠনিক তহবিল'** একাউন্ট করা | **৬ নভেম্বর ২০২১ অনুষ্ঠিতব্য দ্বি-বাষিক সাধারন সভার অনুমোদনের পর গঠনতন্ত্রে অন্তর্ভুক্ত করা হবে। তবে কর্মরত অন্যান্য এনজিও এর গঠনতন্ত্রে এই বিষয়টির উল্লেখ থাকে কিনা সেই তথ্য সংগ্রহ করতে হবে।** |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | হবে।<br>● 'মাদার একাউন্ট' এর ফাংশনিং সম্পর্কে ২/৩টি পয়েন্ট যুক্ত করা হবে। এনজিও বিষয়ক ব্যুরো এবং কোন নিরীক্ষক অথবা ফাইন্যানশিয়্যাল এক্সপার্টের কাছ থেকে 'মাদার একাউন্ট' এর ফাংশনিং সম্পর্কে স্পষ্ট করে জানা হবে। | |
| **নারীপক্ষ'র প্রকাশনা নীতিমালা** | | নির্বাহী পরিষদের আজকের (২৪/০৪/২১) বৈঠকের সংশোধনী/সংযোজন-বিয়োজনসহ নারীপক্ষ'র প্রকাশনা নীতিমালাটি অনুমোদন করা হলো; তবে ব্যবহারিক বাস্তবতায় প্রয়োজনে এটিতে পরিবর্তন-পরিবর্ধন আনা যাবে। | প্রকাশনা নীতিমালাটির রচয়িতা প্রচার সম্পাদক নাজমুন নাহার শেলী আজকের সভার সকল সংশোধনী/সংযোজন-বিয়োজন সমন্বয় করে নারীপক্ষ'র প্রশাসন বিভাগে পাঠিয়েছেন সভানেত্রীর স্বাক্ষর নিয়ে সংরক্ষণের জন্য। |
| **প্রাথমিক সদস্যপদ এর জন্য আবেদন ছক অনুমোদন** | | নারীপক্ষ'র প্রাথমিক সদস্যপদ প্রদানের জন্য তৈরিকৃত ছকটি আজকের (২৪/০৪/২১) নির্বাহী পরিষদ বৈঠকের সংযোজন-বিয়োজনসহ অনুমোদন করা হলো। | প্রাথমিক সদস্যপদের জন্য আবেদন ছকটির রচয়িতা প্রচার সম্পাদক নাজমুন নাহার শেলী আজকের সভা থেকে আসা সকল সংশোধনী/সংযোজন-বিয়োজন সমন্বয় করে নারীপক্ষ'র প্রশাসন বিভাগে পাঠিয়েছেন সভানেত্রীর স্বাক্ষর নিয়ে সংরক্ষণের জন্য। |
| **'৭১ এর যে নারীদের ভুলেছি' কর্মসূচি** | | '৭১ এর যে নারীদের ভুলেছি' কর্মসূচির আওতায় মাসিক ভাতা প্রদানের জন্য রাজশাহীর যে নতুন বীরাঙ্গনাদের নাম এসেছে সে বিষয়টি যাচাই করবেন নারীপক্ষ'র বর্তমান সভানেত্রী ও রাজশাহীর সদস্য মাহমুদা বেগম গিনি। | সভানেত্রীর মাধ্যমে বীরাঙ্গনাদের তথ্য যাচাই বাছাই করে নতুন আরও দুইজন বীরাঙ্গনাকে মাসিক ভাতা প্রদান করা হচ্ছে |
| **নারীপক্ষ'র জন্য 'মানুষের জন্য ফাউন্ডেশন' এর দেয়া নীতিমালাসমূহের অনুমোদন এবং নারীপক্ষ'র নীতিমালা সংক্রান্ত** | | নারীপক্ষ'র জন্য 'মানুষের জন্য ফাউন্ডেশন' এর দেয়া নীতিমালাসমূহ চূড়ান্তভাবে দেখে দেয়ার জন্য নিম্নোক্ত সদস্যদের দেয়া হবে:<br>● সুরক্ষা নীতিমালা- অর্চনা বিশ্বাস<br>● শিশু সুরক্ষা নীতিমালা- নাজমুন নাহার শেলী<br>● আগাম সতর্কবার্তা প্রদান নীতিমালা- গীতা দাস<br>● অর্থপাচার রোধ নীতিমালা- অমিতা দে এবং আসমা বীথি | সকল কাজ সম্পন্ন হয়েছে |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| **ফোকাল পার্সন নির্ধারণ** | | • আচরণবিধি নীতিমালা- মাহীন সুলতান<br>সুরক্ষা নীতিমালা কর্মকর্তা/ফোকালপার্সন হিসেবে সদস্য রওশন আরা বেবীকে মনোনীত করা হলো। এছাড়া, নিম্নোক্ত সদস্যদের মধ্যে নীতিমালাগুলোর কর্মকর্তা/ফোকালপার্সনের দায়িত্ব ভাগ করে দেয়া হবে:<br>১. সাবিনা ইয়াসমিন<br>২. জাহানারা খাতুন<br>৩. নাজমুন নাহার<br>৪. নাজনীন সুলতানা রত্না।<br>উপরোক্ত কাজগুলো সম্পন্ন করতে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন সুপ্তি ডিব্রা, সহ-প্রকল্প পরিচালক- 'নারীর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতকরণ' প্রকল্প। | |
| **ডকুমেন্টেশন কর্মকর্তা মনীষা মজুমদার এর পদোন্নতি** | | নারীপক্ষ'র ডকুমেন্টেশন কর্মকর্তা মনীষা মজুমদার এর পদোন্নতির জন্য এপ্রিল ২০১৯ - মার্চ ২০২০ মূল্যায়ন কমিটি যে সুপারিশ করেছেন তার অনুমোদনে নির্বাহী পরিষদের নীতিগত কোন আপত্তি নেই। আজকের (২৪/০৪/২১) বৈঠকে উত্থাপিত মৌখিক সুপারিশটি সুনির্দিষ্ট প্রস্তাব আকারে লিখিতভাবে নির্বাহী পরিষদের সকল সদস্যকে পাঠানো হবে এবং তাঁদের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত নেয়া হবে। | মনীষা মজুমদারকে উর্ধতন ডকুমেন্টেশন কর্মকর্তা পদে উন্নিত করা হয়েছে। |
| **নারীপক্ষ'র ইতিহাস সংগ্রহ ও সংরক্ষণ** (নারীপক্ষ'র সকল প্রকাশনা নিয়ে কাজ এবং সদস্যদের ভিডিও/অডিও সাক্ষাৎকার গ্রহণ) | **১১ পৌষ ১৪২৭/২৬ ডিসেম্বর ২০২০** | 'সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার' বিষয়ক কর্মসূচির আওতায় নারীপক্ষ'র ইতিহাস সংগ্রহ ও সংরক্ষণ কাজটির পুরো পরিকল্পনা নিয়ে সংশ্লিষ্ট সদস্যদের (ফিরদৌস আজীম, ইউ এম হাবিবুন নেসা ও মাহবুবা মাহমুদ লীনা) সাথে যেকোন সন্ধ্যা ৬টা - ৭টা একটি বৈঠক করা হবে। | কাজ প্রায় সম্পন্ন |
| **ওয়েবসাইটের ইংরেজী ভার্সন- এর জন্য লেখারগুলোর ইংরেজী অনুবাদ করা** | | নারীপক্ষ'র ওয়েবসাইটের ইংরেজী ভার্সন- এ দেয়ার জন্য লেখাগুলোর ইংরেজী অনুবাদ কাজটি ইউ এম হাবিবুন নেসা এর তত্ত্বাবধানে করা হবে। কাজটির পরিকল্পনা করার জন্য আজাদ হোসেন লেখাগুলোর প্রিন্টআউট ইউ এম হাবিবুন নেসাকে পাঠাবেন।<br>'সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজালের প্রসার' কর্মসূচি থেকে অর্থের সংস্থান করা গেলে বাইরের একজন দক্ষ অনুবাদককে দিয়ে উক্ত অনুবাদগুলো করা হবে; আর যদি অর্থের সংস্থান না হয় তাহলে নারীপক্ষ'র সদস্য ও কর্মীদের মধ্যে যারা ইংরেজীতে পারদর্শী তাদের দ্বারাই অনুবাদ করানো হবে। অনুবাদগুলো সম্পাদনা করবেন শিরীন হক, মাহীন সুলতান ও ফিরদৌস আজীম।<br>কাজটির হালনাগাদ তথ্য নিয়মিত কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটিকে জানানো হবে। | কোন কাজ হয়নি। |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| **'এরিনা' প্রকল্পের আওতায় গৃহীত বিশিষ্ট নারীদের সাক্ষাৎকার নিয়ে করণীয়** | | ২৭,২৮ নভেম্বর ২০২০ বার্ষিক সভায় প্রচার সম্পাদক নাজমুন নাহার শেলী এ কাজটি এগিয়ে নিয়ে যাওয়র দায়িত্ব নেন। | প্রচার সম্পাদক নাজমুন নাহার শেলী ইতিমধ্যে নূরজাহান মুর্শিদের সাক্ষাৎকারের ট্রান্সক্রিপ্ট সংকলন ও সম্পাদনার পর ফিরদৌস আজিমকে পাঠিয়েছেন নূরজাহান মুর্শিদের মেয়ে তাজীন মুর্শিদকে দেয়ার জন্য। তাজীন মুর্শিদের কাছ থেকে পাওয়া মতামতের ভিত্তিতে এটি চূড়ান্ত করা হবে।<br>বর্তমানে হেনা দাস এর সাক্ষাৎকারের ট্রান্সক্রিপ্ট সংকলন ও সম্পাদনার কাজ চলছে। |
| **'৭১ এর যে নারীদের ভুলেছি' কর্মসূচি** | | নারীপক্ষ'র '৭১ এর যে নারীদের ভুলেছি' কর্মসূচির মাধ্যমে বীরাঙ্গনাদের নিয়ে ডকুমেন্টারি তৈরির জন্য ক্যাফোড নামে একটি সংগঠন থেকে প্রস্তাবটি এসেছে তাতে নীতিগত অনুমোদন দেয়া হলো। | এনজিও বিষয়ক ব্যুরো প্রস্তাবনাটির অনুমোদন তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের সম্মতি সাপেক্ষ্য প্রদান করবে জানিয়েছে। কিন্তু মন্ত্রনালয়ের প্রক্রিয়া সময় সাপেক্ষ্য বিধায় ০২-১০-২০২১ তারিখের কেন্দ্রীয় সমন্বয়কারী সভায় সিদ্বান্ত হয় যে, এ কাজটির খরচ নারীপক্ষ'র তহবিল থেকে দেয়া হবে। |
| **বর্তমান নির্বাহী পরিষদ সদস্যদের তালিকা সদস্যদের পাঠানো** | | পদ/পদবীসহ নির্বাহী পরিষদ সদস্যদের তালিকা সদস্যদের পাঠানো হবে। | পাঠানো হয়েছে |
| **নারীপক্ষ'র সাধারণ সহায়তা ও রোকেয়া বুলি শিক্ষাবৃত্তি প্রাপ্তদের নিয়মিত হালনাগাদ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ** | | নারীপক্ষ'র সাধারণ সহায়তা ও রোকেয়া বুলি শিক্ষাবৃত্তি প্রাপ্তদের নিয়মিত হালনাগাদ তথ্য একটি নির্দিষ্ট ছকের মাধ্যমে সংগ্রহ ও সংরক্ষণ করা হবে। এই ছকটি তৈরি করে দেবেন নির্বাহী পরিষদ সদস্য কে এ জাহান রুমী। | সদস্য কে এ জাহান রুমী ও সদস্য কামরুন নাহার যৌথভাবে ছকটি তৈরী করেছেন। |
| **নারীপক্ষ'র গঠনতন্ত্রে অন্তর্ভুক্তিকরণ** | **১১ পৌষ ১৪২৭/২৬ ডিসেম্বর ২০২০** | বার্ষিক আলোচনা ও দ্বি-বার্ষিক সাধারণ সভার 'মূলতবি' এবং 'বর্ধিত সভা'র বিষয়টি নারীপক্ষ'র গঠনতন্ত্রে যুক্ত করা হবে। | ৬ নভেম্বর ২০২১ অনুষ্ঠিতব্য সাধারন সভার অনুমোদনের পর গঠনতন্ত্রে অন্তর্ভুক্ত করা হবে। |
| **সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে এ্যাডভোকেসী** | | দাস্তাক নামের একটি পাকিস্তানের সংগঠন আয়োজিত সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে এ্যাডভোকেসীর বিষয়ে অনলাইন প্রশিক্ষণে নারীপক্ষ'র প্রায় ১২ জন সদস্য, | প্রচার সম্পাদক নাজমুন নাহার শেলী সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার |

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নের হালনাগাদ তথ্য |
|---|---|---|---|
| | | কর্মী অংশগ্রহণ করেন। | করে এ্যাডভোকেসী করার জন্য নারীপক্ষ'র<br>১. সামাজিক যোগাযোগ মাধ্যম দল গঠনের গাইডলাইন এবং<br>২. সামাজিক যোগাযোগ মাধ্যম কর্মপরিকল্পনা খসড়া তৈরী করে দেন ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে। |
| **নাসরীন হক স্মারক বক্তৃতা** | | **১৮-১১-২০২১ নাসরীন হক এর জন্মদিনে অনলাইনে অনুষ্ঠিত হবে** | এর জন্য বাজেট বরাদ্দ করা হয়েছে। মৈত্রেয়ী মুখোপাধ্যায়, নারীবাদী গবেষক, আন্দোলন কর্মী মূল প্রবন্ধ উপস্থাপন করবেন। |

**(ঘ) কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির বৈঠক :**

কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির যথাক্রমে ১৬ অক্টোবর ২০২১, ২ অক্টোবর ২০২১, ১৮ সেপ্টেম্বর ২০২১, ৪ সেপ্টেম্বর ২০২১, ২১ আগস্ট ২০২১, ৭ আগস্ট ২০২১, ১৭ জুলাই ২০২১, ৩ জুলাই ২০২১, ১৯ জুন ২০২১, ৫ জুন ২০২১, ৩ এপ্রিল ২০২১, ২২ মে ২০২১, ৮ মে ২০২১, ৭ চৈত্র ১৪২৭/২০ মার্চ ২০২১, ২১ ফাল্গুন ১৪২৭/৬ মার্চ ২০২১, ৭ ফাল্গুন ১৪২৭/২০ ফেব্রুয়ারি ২০২১, ২৩ মাঘ ১৪২৭/৬ ফেব্রুয়ারি ২০২১, ২৫ পৌষ ১৪২৭/৯ জানুয়ারি ২০২১, ২০ অগ্রহায়ণ ১৪২৭/৫ ডিসেম্বর ২০২০ ও ৪ পৌষ ১৪২৭/ ১৯ ডিসেম্বর ২০২০ তারিখ।

প্রতিবেদন কালে কেন্দ্রীয় সমন্বয়কারী কমিটির মোট ২০ টি বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

**(ঙ) ব্যবস্থাপনা বৈঠক :**

প্রতিবেদন সময়ে ২০ বৈশাখ ১৪২৮/৩ মে ২০২১ ও ২ জ্যৈষ্ঠ ১৪২৮/**১৬ মে ২০২১, ২ ভাদ্র ১৪২৮/১৭ আগস্ট ২০২১, ২১ ভাদ্র ১৪২৮/৫ সেপ্টেম্বর ২০২১, ৩০ ভাদ্র ১৪২৮/১৪ সেপ্টেম্বর ২০২১ বিশেষ ব্যবস্থাপনা ও ২৬ আশ্বিন ১৪২৮/১১ অক্টোবর ২০২১ মোট** ৬টি ব্যবস্থাপনা বৈঠক অনুষ্ঠিত হয়।

**(চ) কর্মী বৈঠক :**

**প্রতিবেদন সময়ে ৬টি কর্মী বৈঠক অনুষ্ঠিত হয়েছে যা নিম্নরূপঃ**

প্রতিবেদন সময়ে ১৩ বৈশাখ ১৪২৮/২৬ এপ্রিল ২০২১, ৯ জ্যৈষ্ঠ ১৪২৮/ ২৩ মে ২০২১ ও ১৩ আষাঢ় ১৪২৮/২৭ জুন ২০২১, ৮ চৈত্র ১৪২৭/২১ মার্চ ২০২১, ৯ মাঘ ১৪২৭/২২ ফেব্রুয়ারি ২০২১ এবং ২৭ পৌষ ১৪২৭/১১ জানুয়ারি ২০২১।

**(ছ) ক্রয়-বিক্রয় কমিটির বৈঠক:**

প্রতিবেদনকালে ক্রয় বিক্রয় কমিটির ৭টি বৈঠক অনুষ্ঠিত হয়। ২৬ আশ্বিন ১৪২৮/১১ অক্টোবর ২০২১, ২১ ভাদ্র ১৪২৮/৫ সেপ্টেম্বর ২০২১, ৩০ ভাদ্র ১৪২৮/১৪ সেপ্টেম্বর ২০২১, ১৩ শ্রাবণ ১৪২৮/২৮ জুলাই ২০২১, ১৯ আষাঢ় ১৪২৭/৩ জুলাই ২০২০, ১ আষাঢ় ১৪২৮/১৫ জুন ২০২১ ও ১৫ চৈত্র ১৪২৭/২৯ মার্চ ২০২১। বৈঠকে গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ ও তার বাস্তবায়ন অবস্থা নিম্নরূপ:

| আলোচ্য বিষয় | বৈঠকের তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়ন অবস্থা |
|---|---|---|---|
| 'নারীর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতকরণ' প্রকল্পের ৫টি প্রশিক্ষণ ও সেবাপ্রদাকানীদের সাথে ১টি সভার জন্য প্রশিক্ষণের সভাকক্ষ ও খাবার নির্ধারণ করা। | ৩১ ভাদ্র ১৪২৮/১৫ সেপ্টেম্বর ২০২১ | 'নারীর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতকরণ' প্রকল্পের ৪০ জন অংশগ্রহণকারীর ৫টি প্রশিক্ষণ ও ১টি সভার জন্য দরপত্র আহবান করা হয়েছে। যেহেতু প্রশিক্ষণে অংশগ্রহণকারী হবে কালশীর সেহেতু অংশগ্রহণকারীদের সুবিধা বিবেচনা করে ঐসব এলাকা থেকে দরপত্র সংগ্রহ করা হয়েছে, এলা হলেন দীশা ট্রেনিং সেন্টা, আরএইচস্টেপস ও কারিতাস ট্রেনিং সেন্টার। দরপত্র পর্যালোচনায় দেখা যায়। আরএইচস্টেপস এর সভাকক্ষ ছোট যা ৩০ জনের উপযোগী, ৪০ জন অংশগ্রহণকারীর জন্য সমস্যা হবে। কারিতাস ট্রেনিং সেন্টার এ সাউন্ড সিস্টেম নেই, এছাড়াও তারা আমাদের বুকিং এর কোন নিশ্চয়তা না পেলে অন্যখানে বুকিং দিয়েছে। অংশগ্রহণকারীদের নিকটে এবং অতিমারীর কথা চিন্তা করে ও অন্যান্য বিবেচনায় দীশা ট্রেনিং সেন্টার ভাল হবে বলে সকলে মনে করেন। দীশা ট্রেনিং সেন্টারে প্রশিক্ষণ ও সভা করার জন্য কমিটি থেকে সুপারিশ করা হয়। | দীশা ট্রেনিং সেন্টারে প্রশিক্ষণ ও সভা করা হয়েছে। |
| 'নারীর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতকরণ' প্রকল্পের ৫টি প্রশিক্ষণ ও সেবাপ্রদাকানীদের সাথে ১টি সভার জন্য ১৩৫টি ব্যাগ তরি। | ৩১ ভাদ্র ১৪২৮/১৫ সেপ্টেম্বর ২০২১ | 'নারীর অধিকার ও নিরাপত্তা নিশ্চিতকরণ' প্রকল্পের ৫টি প্রশিক্ষণ ও সেবাপ্রদাকানীদের সাথে ১টি সভার জন্য ১৩৫টি ব্যাগ তরির জন্য ৪টি প্রতিষ্ঠানে দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র পর্যালোচনা শুরুতে গিয়ে আজাদ হোসেন জানান ৪টি প্রতিষ্ঠানে দরপত্র আহবান করলেও মাত্র ১টি প্রতিষ্ঠান দর দিয়েছেন। বিস্তারিত আলোচনা সামিয়া আফরীন বলেন আমার কাছে একটি ব্যাগ আছে যা জারা ট্রেডিং থেকে করা হয়েছে একটি একটি স্যাম্পল হিসেবে সভার জন্য ৩০ ব্যাগের কার্যাদেশ দেয়ার সুপারিশ করেন। কিন্তু প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের জন্য আগামী শনিবার জারা ট্রেডিং এর একটি ব্যাগ প্যাক নমুনা দেখে বাকী ১০৫টি ব্যাগের কার্যাদেশ দেয়ার সুপারিশ করেন। | কার্যাদেশ দেয়ার পুর্বে একটি নমুনা দেখে জারা ট্রেডিং থেকে ব্যাগ তৈরি করা হয়েছে। |
| পোশাক শিল্পে কর্মরত নারী শ্রমিকদের অধিকার অগ্রগতি' প্রকল্প থেকে | ৩১ ভাদ্র ১৪২৮/১৫ সেপ্টেম্বর ২০২১ | পোশাক শিল্পে কর্মরত নারী শ্রমিকদের অধিকার অগ্রগতি' প্রকল্প থেকে সুরক্ষা বুকলেট ও পোস্টার মুদ্রণ করার জন্য বিষয়টি নিয়ে পূর্বের ক্রয় বিক্রয় কমিটি বৈঠকে উপস্থাপক করা হয়েছিল কিন্তু এই বুকলেট ও পোস্টার পূর্বে একবার মুদ্রণ হয়েছে এজন্য বলা হয়েছিল যেখান থেকে পূর্বে মুদ্রণ | সহ ডকুমেন্টেশন ও তথ্য প্রযুক্তি কর্মকর্তা আজাদ হোসেন মেমোরি প্রিন্টিং প্রেস এর সাথে কথা বলে ১৩,৫০০/- টাকা দর কমিয়ে |

| | | | |
|---|---|---|---|
| **সুরক্ষা বুকলেট ও পোস্টার মুদ্রণ করা হবে।** | | করা হয়েছে তাদের সাথে যোগাযোগ করার জন্য। বুকলেট ও পোস্টারগুলো মেমোরি প্রিন্টিং প্রেস থেকে পূর্বে মুদ্রণ করা হয়েছিল। কমিটির সুপারিশ অনুযায়ী মেমোরি প্রিন্টিং প্রেস থেকে দরপত্র সংগ্রহ করা হয় এবং উক্ত বৈঠকে ৫টি মুদ্রণ প্রতিষ্ঠানের তুলনামুলক বিড সামারী উপস্থাপন করা হয়। আলোচনায় বলা হয় যেহেতু পূর্বে মুদ্রণকারী প্রতিষ্ঠান এর চেয়েও নতুন একটি প্রতিষ্টানের দর কম সেহেতু আলোচনা করে দর আরো একটু কমানোর জন্য। যেহেতু এগুলো পুনরায় মুদ্রণ হবে সেহেতু মেমোরি প্রিন্টিং প্রেসকে কার্যাদেশ দেয়ার জন্য বৈঠক থেকে সুপারিশ করেন তবে আজাদ হোসেন তাদের সাথে কথা বলে দাম কিছু কমাবে। | কার্যাদেশ দেয়। কাজটি সম্পন্ন হয়েছে। |
| **২টি মডিউল ফটোকপি করে স্পাইরাল বাইন্ডিং করতে হবে।** | **৩১ ভাদ্র ১৪২৮/১৫ সেপ্টেম্বর ২০২১** | "অধিকার আন্দোলনে নারীর নেতৃত্ব" প্রকল্পের 'নারীর নেতৃত্ব নির্মাণ ও বিকাশ প্রশিক্ষণ সহায়িকা' ২১৮ পৃষ্ঠার মডিউলটি ফটোকপি করে স্পাইরাল করা ৪৫ সেট এবং 'নারীর আত্ম উপলব্ধি, আত্মশক্তি ও আত্মনিয়ন্ত্রণ সহিংসতার শিকার নারীকে সেবাদানের কৌশল ও নারী আন্দোলনে পরিবারের পুরুষ সদস্যদের সম্পৃক্তকরণ' বিষয়ক অধিবেশন পরিচালনার ২৭ পৃষ্ঠার সহায়িকা ফটোকপি করে স্পাইরাল করা ৪০ সেট। ফটোকপি ও স্পাইরাল করার জন্য দরপত্র নিয়ে বেশ কয়েকটি দোকানে দরপত্র আনতে যাওয়া হয়। বেশিরভাগ দোকানে তাদের প্যাড না থাকায় দরপত্র দিতে পারেননি। একটি দোকান থেকে প্যাডে দরপত্র আনা হয় এবং দুইটি দোকানে তারা ভিজিটিং কার্ডে দর লিখে দিয়েছে কারণ প্যাড নেই, এরা হচ্ছেন আল আমিন এন্টারপ্রাইজ, মুনা এন্টারপ্রাইজ ও বিউটি ফটোষ্ট্যাট এন্ড কম্পিউটার। অনুমোদিত বাজেট ১৯,১০০/- টাকা যা ফটোকপি, স্পাইরাল ও কুরিয়ার বাবদ। আলোচনায় কমিটি থেকে বলেন, এই বাজেট থেকে কুরিয়ার বাবদ খরচ ধরা যাবেনা। মোট টাকায় যত সেট হয় তত সেট করতে হবে। সর্বনিম্ন দরদাতা আল আমিন এন্টারপ্রাইজকে কার্যাদেশ দেয়ার জন্য সুপারিশ করেন। | সর্বনিম্ন দরদাতা আল আমিন এন্টারপ্রাইজকে কার্যাদেশ দিয়ে কাজটি করা হয়েছে। |
| সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার কর্মসূচীর জন্য ফটোকপিয়ার, প্রজেক্টর, অরিজিনাল | ১ আষাঢ় ১৪২৮/১৫ জুন ২০২১ | সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার কর্মসূচীর জন্য ১টি ফটোকপিয়ার, ১টি প্রজেক্টর স্ক্রীন সহ, ১০টি অরিজিনাল উইন্ডোজ ও ১০টি এসএসডি হার্ড ডিস্ক ক্রয় এর জন্য প্রথমে উপরোক্ত ৩টি প্রতিষ্ঠানে দরপত্র আহবান করা হয়। দরপত্র আহবানে সারা দিয়ে ২টি প্রতিষ্ঠান দরপত্র প্রদান করেন (১) ফ্লোরা লিঃ (১) স্মার্ট টেকনোলজি বিডি লিঃ।<br>প্রিন্টার ক্রয় সংক্রান্ত আলোচনায় রীতা দাশ জানতে চান | সর্বনিম্ন দরদাতা স্মার্ট টেকনোলজি বিডি লিঃ থেকে ফটোকপিয়ার ও প্রিন্টার নেয়া হয়েছে।<br><br>এসএসডি এবং অরিজিনাল |

| | | | |
|---|---|---|---|
| উইন্ডোজ ও এসএসডি হার্ড ডিস্ক ক্রয়। | | নারীপক্ষ-এ বর্তমানে কি কি ধরনের প্রিন্টার আছে এবং এর বর্তমান অবস্থা কেমন। সহ ডকুমেন্টেশন ও তথ্য প্রযুক্তি কর্মকর্তা আজাদ হোসেন নারীপক্ষ'র বর্তমানে সবগুলো প্রিন্টারের বিস্তারিত বিবরণ তুলে ধরেন। উল্লেখ যে, তিনি বলেন বর্তমানে নারীপক্ষ-এ কোন নেটওয়ার্ক প্রিন্টার নেই। প্রাসঙ্গিক আরো আলোচনা ও দরপত্র যাচাই করে কমিটি থেকে বলেন CANON IMAGE RUNNER 1643i **এই নেটওয়ার্ক প্রিন্টারটি নেয়া যেতে পারে। প্রিন্টার এর প্রিন্ট খরচ কম এবং এই প্রিন্টারে স্ক্যান করা যাবে ও ফটোকপি করা যাবে। উক্ত প্রিন্টারের বিস্তরিত বিবরণ (উচ্চতা, প্রসস্ত ও ওজন) দিয়ে কমিটিকে ই-মেইল করার জন্য বলেন। উক্ত সভা ১৫ জুন ২০২১ মঙ্গলবার বিকাল ৫টায় করা হয়। ৬টায় নারীপক্ষ'র সাপ্তাহিক সভা শুরু হওয়ার কারনে আলোচনা স্থগিত করা হয়।** | উইন্ডোজ এর এখনও কার্যাদেশ দেয়া হয়নি। |
| | **১৪ আষাঢ় ১৪২৮/২৮ জুন ২০২১** | নারীপক্ষ'র সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসাব কর্মসূচীর জন্য ১টি প্রিন্টার, ১টি ফটোকপিয়ার, ১টি প্রজেক্টর, ১১ টি অরিজিনাল উইন্ডোজ ও ১০টি এসএসডি হার্ড ডিস্ক।<br>পূর্বে দেরপত্র নেয়া হয়েছে, Canon iR 2520W ফটোকপিয়ার দরপত্র প্রেরণ করেছেন। নারীপক্ষ'র চাহিদা ছিল কপিয়ার এবং ডুপলেক্স অটো ডকুমেন্টস ফিডার আলাদাভাবে দর দেয়ার জন্য। ফ্লোরা লিঃ আলাভাবে দর না দিয়ে একসাথে দিয়েছে। পরবর্তীতে তাদের সাথে যোগাযোগ করলে তারা লিখিতভাবে দিতে পারেনি তবে মৌখিভাবে জানিয়েছেন। কপিয়ার-১৪৫,০০০/-টাকা এবং ডুপলেক্স অটো ডকুমেন্টস ফিডার ৫০,০০০/- টাকা, সর্বমোট= ১৯৫,০০০/- টাকা। স্মার্ট টেকনোলজি বিডি লিঃ কপিয়ার-১৩০,০০০/-টাকা এবং ডুপলেক্স অটো ডকুমেন্টস ফিডার ৫৪,৭০০/- টাকা সর্বমোট= ১৮৪,৭০০/- টাকা। ২টি কোম্পানীই এক বছরের ফ্রি সার্ভিস দিবে। ক্রয় বিক্রয় কমিটি Canon iR 2520W ফটোকপিয়ারটি ডুপলেক্স অটো ডকুমেন্টস ফিডারসহ সর্বনিম্নদরদাতা স্মার্ট টেকনোলজি বিডি লিঃ থেকে নেয়ার জন্য সুপারিশ করেন। | |
| প্রজেক্টর (স্ক্রীনসহ) | ১৪ আষাঢ় ১৪২৮/২৮ জুন ২০২১ | প্রজেক্টর জন্য ২টি সোল ডিস্টিবিউটর দরপত্র প্রেরণ করেছে। (১) ফ্লোরা লিঃ (২) স্মার্ট টেকনোলজি বিডি লিঃ। দরপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ২টি কোম্পানী ২ধরনের প্রজেক্টরের দরপত্র প্রেরণ | সর্বনিম্ন দরদাতা ফ্লোরা লিঃ থেকে প্রজেক্টর স্ক্রীন সহ কেনা হয়েছে। স্ক্রীন সেট করা হয়েছে তবে স্ক্রীন সেট |

| | | | |
|---|---|---|---|
| | | করেছেন। (১) ফ্লোরা লিঃ দিয়েছে EPSON made in Japan (২) স্মার্ট টেকনোলজি বিডি লিঃ দিয়েছে BENQ Country of Origin TAIWAN, Country of Manufacture China। আজাদ হোসেন এবং কমিটির সকলে EPSON প্রজেক্টরটি তুলনামুলক ভালো বলে মনে করেন। এছাড়াও দাম BENQ এর চেয়ে কম সেহেতু কমিটি EPSON প্রজেক্টর (স্ক্রীনসহ) এর সর্বনিম্ন দরদাতা ফ্লোরা লিঃ থেকে কেনার জন্য সুপারিশ করেন। উল্লেখ্য যে ফ্লোরা লিঃ কে দিয়ে প্রজেক্টর ও স্ক্রীয়ন সেট করে নিতে হবে, সেট বাবদ ৫ হাজার টাকা দিতে হবে। | করা বাবদ কোন টাকা নেয়নি। |
| "অনলাইনে প্রশিক্ষরে জন্য অডিও ভিজুয়াল মডিউল" তৈরি | ১৯ আষাঢ় ১৪২৭/৩ জুলাই ২০২০ | অধিকার আন্দোলনে নারীর নেতৃত্ব প্রকল্পের "অনলাইনে প্রশিক্ষরে জন্য অডিও ভিজুয়াল মডিউল" তৈরির জন্য দরপত্রে সারা দিয়ে ৪টি প্রতিষ্ঠান দরপত্র প্রদান করেছেন। এরা হলো mekateam, Innovative Creation, EXPRESSIONS LTD Ltd. , Srishtee Ghor, ৪ টি প্রতিষ্ঠানে তুলনামুলক দর-এর কোন সামঞ্জস্য নেই, এর কারণ হিসেবে প্রকল্পের সমন্বয়কারী গীতা দাস বিষয়টি সম্পর্কে পরিস্কারভাবে বুঝিয়ে বলেন যে, আমাদের দরপত্র দেখে ও পর্যালোচনা করে তারা আমাদের প্রকৃত চাহিদাটা বুঝতে পারেনি। পরবর্তীতে ৪টি কোম্পানীর সাথেই গীতা দাস ফোনে আলোচনা করেন। ইনোভেশন ক্রিয়েশন লি: এর সাথে ফোনের আলোচনার প্রেক্ষিতে তারা বিষয়টি শতভাগ (আমাদের সম্পূর্ণ চাহিদা) বুঝতে পারেন । গীদা দাস জানান পরবর্তীতে তাদের ২টি প্রজেন্টেশন আমরা দেখেছি ও প্রকল্পের কর্মদল সদস্যদের সাথেও বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।<br>ক্রয় বিক্রয় কমিটির সকল সদস্য মত প্রকাশ করেন উক্ত কোম্পানীর সাথে আলোচনা, তাদের প্রেজেন্টেশন দেখা ও কর্মদলের সাথে যে বিস্তারিত আলোচনা ও তারা মত প্রকাশ করেছেন এর একটি নোট করতে হবে। নোটটি ক্রয় বিক্রয় কমিটির সুপারিশের সাথে যুক্ত থাকবে।<br>ক্রয় বিক্রয় কমিটির সকল সদস্য এবং রেহানা সামদানী মত প্রকাশ করেন যে, ৪টি কোম্পানীর মধ্যে যেহেতু ইনোভেটিভ ক্রিয়েশন আমাদের চাহিদা সম্পূর্ণ বুঝতে পেরেছে এবং আমাদের চাহিদা ও বাজেট অনুযায়ী মডিউলটি তৈরি করে দিতে পারবে সেহেতু উক্ত মডিউল তৈরির জন্য তাদেরকে কার্যাদেশ দেয়ার জন্য ক্রয় বিক্রয় | Innovative Creation, কে দিয়ে এটি করা হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| | | কমিটি সুপারিশ করেন। | |
| “ডিজিটাল আর্কাইভ” তৈরি | ১৯ আষাঢ় ১৪২৭/৩ জুলাই ২০২০ | নারীপক্ষ’র সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার কর্মসূচীর থেকে একটি “ডিজিটাল আর্কাইভ” তৈরির জন্য দরপত্র আহবান করা হলে ৩টি প্রতিষ্ঠান থেকে দরপত্র প্রেরণ করেন, তারা হলোঃ RR Ltd., Innovative Creation, Inspiration Ltd. ৩টি প্রতিষ্ঠানের দরপত্র তুলনা করে দেখা যায় যে দরপত্রের মধ্যে সামঞ্জস্য রয়েছে। ৩টি প্রতিষ্ঠানের সাথে রেহানা সামদানী কণা ফোনে আলাপ করেন। কমিটির সকলে একমত প্রকাশ করেন যে, যেহেতু ইনোভেটিভ ক্রিয়েশন নারীপক্ষ’র আরো একটি মডিউল তৈরি করবেন এবং তারা সর্বনিম্ন দরদাতা। উক্ত ক্রয় বিক্রয় কমিটি বৈঠকে ইনোভেটিভ ক্রিয়েশন কে কার্যাদেশ দেয়ার জন্য সুপারিশ করেন।<br>সহ ডকুমেন্টেশন ও তথ্য প্রযুক্তি কর্মকর্তা আজাদ হোসেন বলেন, যে ডিজিটাল আর্কাইভ তৈরি হবে সেটা যে ওয়েবে রাখা হবে তার ভাড়া কি পরিমান হবে সেটা আমাদের জানা দরকার কারণ আমরা নারীপক্ষ’র ওয়েব সাইটের জন্য মাত্র ১জিবি স্পেস এর জন্য প্রতিবছর ১০ হাজার টাকা দেই। ডিজিটাল আর্কাইভ এর জন্য তো অনেক জিবি প্রয়োজন হবে। উক্ত বিষয়ে রেহানারা সামদানী ইনোভেটিভ ক্রিয়েশন-এর সাথে আলোচনা করবেন। | নারীপক্ষ’র ডিজিটাল আর্কাইভ তৈরীর কাজটি করেছে Innovative Creation। ডিজিটাল আর্কাইভে কি কি আছে তা নারীপক্ষ কার্যালয়ে এসে একটি সভার মাধ্যমে দেখিয়ে ও বুঝিয়ে দিয়েছে। ২টি প্রশিক্ষণ মধ্যে ১ প্রশিক্ষণ দিয়েছেন, আর একটি প্রশিক্ষন করা হবে। |
| নারীপক্ষ’র ৩টি পুরাতন পোষ্টার নতুন করে মুদ্রণ | ১৯ আষাঢ় ১৪২৭/৩ জুলাই ২০২০ | নারীপক্ষ’র ৩টি পুরাতন পোষ্টার নতুন করে মুদ্রণ করার জন্য ৪টি মুদ্রণ কোম্পানীতে দরপত্র আহবান করা হলে ৩টি কোম্পানী থেকে দরপত্র প্রেরণ করেছেন এরা হলো এন এন প্রিন্টার্স, ফাহাদ এন্টারপ্রাইজ ও উজ্জল প্রিন্টিং প্রেস। ক্রয় বিক্রয় কমিটি সভার আলোচনা বলেন যে, দরপত্র পর্যালোচনায় দেখা যায় দরপত্রগুলোর মধ্যে সামঞ্জস্য রয়েছে। সামিয়া আফরীন বলেন যে এগুলো পূর্বে যে মুদ্রণ প্রতিষ্ঠান থেকে মুদ্রণ করা হয়েছে সেখান থেকে মুদ্রণ করা যায় কিনা। এর প্রেক্ষিতে আজাদ হোসেন জানান যে, ৩টি পোষ্টার নিয়ে জার্নিম্যানে গিয়ে আকরাম সাহেবকে দেখানো হয় তিনি কম্পিউটারে সার্চ দিয়ে বলেন যে এগুলো আমাদের এখন থেকে মুদ্রণ করা হয়নি। জার্নিম্যানে দরপত্র আহবান এর ই-মেইল করা হলেও তারা দরপত্র দেয়নি। নাজমা বেগম জানান, অনেক পুরাতন পোষ্টার এজন্য কোথায় থেকে ছাপা হয়েছে সেটা আমরা জানতে পারিনি। তুলনামুলক প্রতিবেদন পর্যালোচনা ক্রয় বিক্রয় কমিটি থেকে সকলে বলেন ৩টি কোম্পানীই তাদের মুদ্রণ অভিজ্ঞতা কেমন ও তাদের প্রিন্ট কোয়ালিটি কেমন হবে এবং নারীপক্ষ’র সাথে তাদের | ২টি মুদ্রণ প্রতিষ্ঠান তাদের মুদ্রণের কিছু নমুনা পাঠিয়েছে।<br>রেহানা সামদানী কণা নমুনাগুলো দেখেন। সর্বনিম্ন দরদাতা উজ্জল প্রিন্টিং প্রেস কে দিয়ে মুদ্রণ করা হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| | | অভিজ্ঞতা কেমন? আজাদ হোসেন বলেন, এসব কোম্পানী থেকে লিফলেট, প্যাড, ফোল্ডার ও অন্যান্য কিছু প্রিন্ট করা হয়। এর প্রেক্ষিতেও কমিটি থেকে বলেন, পোষ্টার মুদ্রণ ও লিফলেট মুদ্রণ এক নয়। কমিটি থেকে আরো বলেন যে, দর কম বেশী না দেখে কোয়ালিটি দেখা দরকার। এজন্য ৩টি প্রতিষ্ঠান থেকেই তাদের মুদ্রণকৃত পোষ্টার বা পোষ্টারের মত বড় কিছু প্রিন্ট কপি রেহানা সামদানী কণা আপাকে পাঠাতে হবে। রেহানা সামদানী প্রিন্ট দেখে যেটা মানসম্পন্ন মনে করেন তাকেই কার্যাদেশ দিতে কমিটি থেকে সুপারিশ করেন। | |

| | | | |
|---|---|---|---|
| ‘নতুন প্রজন্মের নারীর নেতৃত্ব বিকাশ প্রকল্পের মাধ্যমে কুর্মিটোলা ক্যাম্পের আদিবাসীদের মধ্যে মাস্ক প্রদানের জন্য মাস্ক তৈরি। | ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮/২৭ মে ২০২১ | নারীপক্ষ’র ‘নতুন প্রজন্মের নারীর নেতৃত্ব বিকাশ প্রকল্পের মাধ্যমে কুর্মিটোলা ক্যাম্পের আদিবাসীদের মধ্যে মাস্ক প্রদানের জন্য মাস্ক তৈরি করতে মোট ৪টি প্রতিষ্ঠান থেকে দরপত্র সংগ্রহ করা হয়। দরপত্র পর্যালোচনায় দেখা যায় ৩ লেয়ারের মাস্ক ৩টি প্রতিষ্ঠান থেকে দর দিয়েছে। এর মধ্যে কাক কমিউনিকেশন সর্বনিম্ন দরদাতা। কাক কমিউনিকেশন কোন নমুনা দেয়নি এজন্য কমিটি থেকে বলা হয় আগে নমুনা এনে নমুনাটি কেটে দেখে যাতে ৩ লেয়ার আছে। এছাড়াও কমিটি থেকে বলেন, মাস্ক এর নমুনা মেপে কার্যাদেশে মাপ উল্লেখ করে এবং বিস্তারিত বিবরণ সহ যেন কার্যাদেশ দেয়া হয়। নমুনা দেখে পছন্দ হলে কাক কমিউনিশেন থেকে মাস্কগুলো ক্রয় করার জন্য সুপারিশ করা হয়। | কাক কমিউনিকেশন থেকে ৩ লেয়ারের সুতি কাপড়ের মোট ৪ হাজার মাস্ক নেয়া হয়েছে। |
| ‘নতুন প্রজন্মের নারীর নেতৃত্ব বিকাশ প্রকল্পের মাধ্যমে কুর্মিটোলা ক্যাম্পের আশে পাশে দেয়াল লিখন\| | ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮/২৭ মে ২০২১ | ‘নতুন প্রজন্মের নারীর নেতৃত্ব বিকাশ প্রকল্পের মাধ্যমে কুর্মিটোলা ক্যাম্পের আশে পাশে ৫টি দেয়াল লিখার জন্য দরপত্র আহবান করা হয়। দরপত্র আহবানে সারা দিয়ে ৩টি প্রতিষ্ঠান দরপত্র প্রেরণ করেছেন। দরপত্র পর্যালোচনায় বলা হয়, কি লিখা হবে তা আগে নির্ধারণ করা হবে এবং সেই লিখাটি পাওয়ার পয়েন্টে ডিজাইনে লিখে চূড়ান্ত করতে হবে। লিখা চূড়ান্ত হলে সর্বনিম্ন দরদাতা রাজধানী আর্টকে কার্যাদেশ দেয়ার জন্য জন্য ক্রয় বিক্রয় কমিটি থেকে সুপারিশ করা হয়। উল্লেখ্য রাজধানী আর্ট এর সাথে পূর্বে কাজের অভিজ্ঞতা ভাল। | রাজধানী আর্টকে দিয়ে ৬টি দেয়ালে লেখা হয়েছে। |
| সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসাব কর্মসূচী এবং নারী ও যুবদলের অধিকার অর্জন সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের জন্য ল্যাপটপ ঈড়ৎব র ৭ ২টি এবং Core i 5 ৫টি ও প্রিন্টার ৩টি ক্রয়। | ১ আষাঢ় ১৪২৮/১৫ জুন ২০২১ | নারীপক্ষ’র সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসাব কর্মসূচীর জন্য কোর আই-৭ ল্যাপটপ ১টি ও কোর আই-৫ ল্যাপটপ ৪টি এবং ২টি প্রিন্টার। নারী ও যুবদলের অধিকার অর্জন সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের জন্য কোর আই-৭ ল্যাপটপ ১টি ও কোর আই-৫ ল্যাপটপ ১টি এবং প্রিন্টার ১টি ক্রয়ের জন্য চাহিদা দিয়েছেন। চাহিদার প্রেক্ষিতে ৩টি সোল ডিস্টিবিউটর-এ দরপত্র আহবান করা হয়। দরপত্র আহবানে সারা দিয়ে ৩টি প্রতিষ্ঠানই দরপত্র দিয়েছে। (১) গ্লোবাল ব্যান্ড (২) ফ্লোরা লিঃ (৩) স্মার্ট টেকনোলজি বিডি লিঃ। পূর্বে যে সমস্ত ল্যাপটপ ক্রয় করা হয়েছে সেগুলোর মধ্যে স্মার্ট টেকনোলজি বিডি লিঃ থেকে এইচপি ব্যান্ডের যেগুলো কেনা হয়েছে সেগুলো ভালো সার্ভিস দিচ্ছে। লেনোভো এ এসিয়ার এর সন্তোষজনক সার্ভিস পাওয়া যায়নি। দরপত্র পর্যালোচনায় করে এবং ল্যাপটাপের কনফিগার যাচাই করে ও ব্রান্ড বিবেচনায় ঐচ ঈড়ৎব র৭ এবং ঐচ ঈড়ৎব র৫ ল্যাপটপ ক্রয়ের জন্য সুপারিশ করা হয়। ঈড়ৎব র৭ এর ২টি এবং বাজেটে টাকা হলে ঈড়ৎব র৫ টি কেনা হবে। | সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসাব কর্মসূচীর জন্য কোর আই-৭ ল্যাপটপ ১টি ও কোর আই-৫ ল্যাপটপ ৪টি। নারী ও যুবদলের অধিকার অর্জন সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের জন্য কোর আই-৫ ল্যাপটপ ৩টি কার্যাদেশ দেয়া হয়েছি। নারী ও যুবদলের অধিকার অর্জন সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের ৩টি ল্যাপটপ এর কার্যাদেশ ফোন করে স্থগিত করা হয়েছে। সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার কর্মসূচীর জন্য কোর আই-৭ এর ৪টি ল্যাপটপ সরবরাহ করেছে কিন্তু কোর আই-৭ এর ল্যাপটপ স্টকে না থাকায় সরবরাহ করতে পারেনি। |

| | | | |
|---|---|---|---|
| সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসাব কর্মসূচীর জন্য ফটোকপিয়ার, প্রজেক্টর, অরিজিনাল উইন্ডোজ ও এসএসডি হার্ড ডিস্ক ক্রয়। | ১ আষাঢ় ১৪২৮/১৫ জুন ২০২১ | সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসাব কর্মসূচীর জন্য ১টি ফটোকপিয়ার, ১টি প্রজেক্টর স্ক্রীন সহ, ১০টি অরিজিনাল উইন্ডোজ ও ১০টি এসএসডি হার্ড ডিস্ক ক্রয় এর জন্য দরপত্র আহবান করা হয়। দরপত্র আহবানে সারা দিয়ে ২টি প্রতিষ্ঠান দরপত্র প্রদান করেন। প্রাসঙ্গিক আরো আলোচনার পর কমিটি থেকে বলেন ঈঅঘঙঘ ওগঅএউ জটঘঘউজ ১৬৪৩র এই নেটওয়ার্ক প্রিন্টারটি নেয়ার সুপারিশ করে। | কার্যাদেশ দেয়া হয়নি। |

| | | | |
|---|---|---|---|
| পোষাক শিল্পে কর্মরত নারী শ্রমিকদের অধিকার অগ্রগতি (Global Fund) প্রকল্পের জন্য ১টি ল্যাপটপ ক্রয়: | **১৫ চৈত্র ১৪২৭/২৯ মার্চ ২০২১** | নারীপক্ষ'র পোষাক শিল্পে কর্মরত নারী শ্রমিকদের অধিকার অগ্রগতি (Global Fund) প্রকল্পে থেকে ১টি ল্যাপটপ ক্রয়ের জন্য ৩টি প্রতিষ্ঠান থেকে দরপত্র প্রদান করেছেন। সর্বনিম্ন দরদাতা ফ্লোরা লিঃ থেকে উক্ত বিবরণের HP Laptop ক্রয় করার জন্য সুপারিশ করা হয়। | ফ্লোরা লিঃ থেকে কেনা হয়েছে। |
| "স্বাধীনতার ৫০ বছর, বীরাঙ্গনার অবহেলা-অপমান এবার হোক অবসান" শীর্ষক পোস্টার মুদ্রণ | **১৫ চৈত্র ১৪২৭/২৯ মার্চ ২০২১,** | "স্বাধীনতার ৫০ বছর, বীরাঙ্গনার অবহেলা-অপমান এবার হোক অবসান" শীর্ষক পোস্টারটি মুদ্রণ করার জন্য দুই হাজার মুদ্রণ করার জন্য ৪টি প্রতিষ্ঠান থেকে দরপত্র প্রদান করেছেন। মুদ্রণের একক মূল্য বিবেচনায় কমিটি ২০০০ কপি মুদ্রণ করার সুপারিশ করেন। সর্বনিম্ন দরদাতা এবং তাদের সাথে পূর্বে মুদ্রণ করার অনেক অভিজ্ঞতা থাকায় জার্নিম্যান থেকে ২ হাজার পোস্টার মুদ্রণ করার জন্য ক্রয় বিক্রয় কমিটি থেকে সুপারিশ করা হয়। | জার্নিম্যানকে কার্যাদেশ দিয়ে ২ হাজার পোস্টার মুদ্রণ করা হয়েছে। |

**৮। ১৩ মে, নারীপক্ষ'র প্রতিষ্ঠা বার্ষিকী পালন:**

**বৃহস্পতিবার,** ১৩ মে ২০২১ (ঈদুল ফিতর এর আগের দিন) নারীপক্ষ'র ৩৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয় কোভিড সংক্রমনের কারণে অনুষ্ঠানটি আন্তর্জালে করা হয়। সদস্য, সদস্য কর্মী ও কর্মীরা এতে অংশগ্রহণ করেন।

**৯। 'ধর্মীয় উন্মাদনা ও সহিংসতা মুক্ত বাংলাদেশ চাই' শিরোনামে নারীপক্ষ'র বিক্ষোভ কর্মসূচি:**

৩১ আশ্বিন ১৪২৮/১৬ অক্টোবর ২০২১, বিকাল ৪.৩০- ৫.০০মি. নারীপক্ষ কার্যালয়ের সামনে দেশে ধর্মীয় উন্মাদনা সৃষ্টি এবং নানা রকম হিংসাত্মক কার্যকলাপ ও সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারী তৎপরতার প্রতিবাদে **'ধর্মীয় উন্মাদনা ও সহিংসতা মুক্ত বাংলাদেশ চাই'** শিরোনামে অবস্থান বিক্ষোভ কর্মসূচি পালন করা হয়।

উল্লেখ্য যে, একই শিরোনামে গত ২৪ কার্তিক ১৪২৭/৯ নভেম্বর ২০২০, বিকাল ৩.৩০- ৪.৩০মি. নারীপক্ষ কার্যালয়ের সামনে বিক্ষোভ অবস্থান কর্মসূচি পালন করা হয়েছে। কর্মসূচিতে সচেতন সমাজ সেবা হিজড়া সংগঠন, সেক্স ওয়ার্কার্স নেটওয়ার্ক, সিডা, প্রাগ্রসর এর প্রতিনিধি, স্থানীয় জনগণসহ নারীপক্ষ'র সদস্য ও কর্মীরা অংশগ্রহণ করেন।

ধর্মকে ব্যবহার করে প্রায়শঃই দেশে উন্মাদনা সৃষ্টি এবং নানা রকম হিংসাত্মক কার্যকলাপ ও সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারী তৎপরতা চালানো চর্চায় দাঁড়িয়েছে। এবারও হিন্দু ধর্মাবলম্বীদের 'শারদীয় দুর্গোৎসব'কে কেন্দ্র করে নোয়াখালী, কুমিল্লা ও ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে প্রতিমা ও মন্দির ভাঙচুর, প্রতিমা বিসর্জন যাত্রায় ইট পাটকেল নিক্ষেপ এবং প্রাণহানিও ঘটেছে।
জাতি, ধর্ম, বর্ণ, শ্রেণি, গোষ্ঠী নির্বিশেষে দেশের প্রতিটি নাগরিক স্বাধীনভাবে জীবন যাপন করবে; নির্বিঘ্নে নিজ নিজ ধর্ম পালন ও আচার-অনুষ্ঠান করবে; আইনের সুশাসন প্রতিষ্ঠিত হবে- এটা জাতীয় আকাঙ্ক্ষা। কিন্তু সাম্প্রতিক ঘটনাবলী পুনর্বার প্রমাণ করে যে, দেশে আইনের শাসন শূন্যের কোঠায় পৌঁছেছে এবং বাংলাদেশের সংবিধান প্রদত্ত সকল ধর্মাবলম্বীদের সমভাবে ধর্মচর্চা করার নিশ্চয়তার বাস্তবে কোন প্রতিফলন নেই।

তাই কর্মসূচি থেকে নারীপক্ষ দাবি জানায়,

- শারদীয় দুর্গাপুজাকে কেন্দ্র করে দেশব্যাপী যে হিংসাত্মক কার্যকলাপ ঘটেছে তাতে পুলিশের চরম গাফিলতি পরিলক্ষিত হয়। পুলিশের এই ব্যার্থতার দায়ভার গ্রহণ করে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী স্ব-সম্মানে পদত্যাগ করবেন।
- সাম্প্রদায়িক সম্প্রীতি বিনির্মাণে ধর্ম মন্ত্রণালয় ও ইসলামিক ফাউন্ডেশন এবং শিক্ষা, সংস্কৃতি ও তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে দীর্ঘ মেয়াদী পদক্ষেপ, যেমনঃ বিদ্যালয়ের পাঠ্যক্রমে সকল মানুষের সম্মান ও মর্যাদা এবং মানুষে মানুষে সম-অধিকারের বিষয়টি যুক্ত করার পদক্ষেপ গ্রহণ করুন।
- সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে বা করবে তা জনসমক্ষে প্রকাশ করুন।

**১০। "সহজ কঠিন দ্বন্দ্বে ছন্দে" শীর্ষক বছর ব্যাপী প্রজন্মান্তরে আলাপচারিতাঃ**

নারীমুক্তি আন্দোলনের ইতিহাস ও বিভিন্ন মাত্রা নিয়ে "সহজ কঠিন দ্বন্দ্বে ছন্দে" শীর্ষক বছর ব্যাপী প্রজন্মান্তরে আলাপচারিতার উদ্যোগ নিয়েছে নারীপক্ষ।
কর্মসূচির প্রথম পর্বে ২৩ চৈত্র ১৪২৭/৬ এপ্রিল ২০২১, মঙ্গলবার সন্ধ্যা ৬.০০টায় বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর ও নারী মুক্তির আন্দোলন বিষয়ক আলোচনা আন্তর্জালে (অনলাইন) অনুষ্ঠিত হয়। এর ধারাবাহিকতায় মহান মে দিবস উপলক্ষে "নারীর শ্রম" ১ মে ২০২১, শনিবার তৈরী পোষাক শিল্প; ৩ মে ২০২১, সোমবার ফুল চাষ ও জুম চাষ এবং ৫ মে ২০২১, বুধবার রেমিটেন্স যোদ্ধা বিষয়ক ধারাবাহিক আলোচনা হয়।"নারীর মানসিক সুস্বাস্থ্য, সামাজিক নিপীড়ন ও মুক্তির উপায়" এই বিষয়ে ০৮ জুন ২০২১; "সংঘাতকালীন যৌন সহিংসতা নির্মূলে আন্তর্জাতিক দিবস উপলক্ষে বিশেষ ওয়েবিনার ১৯ জুন ২০২১; "বিজ্ঞান শিক্ষায় নারীর অগ্রযাত্রা" শিরোনামে ১৩ জুলাই ২০২১; "নারী আন্দোলনঃ আদিবাসী নারীর অবস্থান" বিষয়ে আলাপচারিতা ১০ আগষ্ট ২০২১; আন্তর্জাতিক কন্যাশিশু দিবস ২০২১ উপলক্ষে "কৈশোর যৌনতা, বাল্য বিয়ে ও আমাদের করণীয়" বিষয়ে আলাপচারিতা ১৪ সেপ্টেম্বর ২০২১; "দীপালিকায় জ্বালাও আলো : স্তন ক্যান্সার ও আমরা" বিষয়ে আলাপচারিতা ১২ অক্টোবর ২০২১ অনুষ্ঠিত হয়।
**বছর ব্যাপী প্রজন্মান্তরে আলাপচারিতার** প্রতিটি পর্ব আন্তর্জালে করা হয় এবং ফেসবুকে সরাসরি সম্প্রচার করা হয়েছে।

**১১। নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণঃ**

- প্রকল্প : কোভিড-১৯ এ আর্থিক সংকট মোকাবিলাঃ শ্রমিকের অধিকার ও মানবাধিকার নিশ্চিত করতে ব্যবসায়িক প্রতিনিধিদের জবাবদিহিতা;
  দাতা সংস্থা/ অর্থায়ানেঃ Funders Organized for Rights in the Global Economy (FORGE);
  **প্রকল্প** মেয়াদঃ ১ অক্টোবর ২০২১ হতে ৩১ জুলাই ২০২১
  **বাজেটঃ ৮৫,০০,০০০/-(পঁচাশি লক্ষ টাকা);**
  **বাস্তবায়নেঃ** সজাগ কোয়ালিশন (নারীপক্ষ, ব্লাস্ট, ক্রিশ্চিয়ান এইড)

- প্রকল্প: শ্রমিকের অধিকার
  **দাতা সংস্থা/ অর্থায়ানে:** গ্লোবাল ফান্ড ফর উইমেন;
  **প্রকল্প** মেয়াদ: ৫ মাস (আগষ্ট হতে ডিসেম্বর ২০২১);
  **বাজেট:** ১২,০৩,৮১৯/- (বার লক্ষ তিন হাজার আটশত উনিশ টাকা);

- প্রকল্প: রোহিঙ্গা নারীর পাশে আমরা কর্মসূচির আওতায়-'কোভিডকালীন স্বাস্থ্যসেবা এবং ন্যায় বিচার প্রাপ্তি ও সুরক্ষা প্রকল্প (COVID 19: Response on Access to Justice and to Health)
  প্রকল্প মেয়াদ: ১৫ আগষ্ট ২০২১ থেকে ডিসেম্বর ২০২১।
  মোট বাজেট: ২৭, ৮৫, ০০০ টাকা।
  বাস্তবায়নকারী সংস্থাসমূহ: ব্লাষ্ট, নারীপক্ষ ও গণস্বাস্থ্য কেন্দ্র।

- প্রকল্প: **'নারীর এগিয়ে চলা'**
  কর্মসূচি: জুলাই ২০২১ জুলাই ২০২৫
  মোট প্রাপ্ত অর্থ : ২,৫৪,৯৯,৮৩৮ (দুই কোটি চুয়ান্ন লক্ষ নিরানব্বই হাজার আটশত আঠত্রিশ টাকা)
  দাতা সংস্থার নাম : Creating Resources for Empowerment and Action Inc. (CREA)

- **প্রকল্পের নাম:** নতুন প্রজন্মের নারীর নেতৃত্ব বিকাশ প্রকল্প

(South Asia Young Women's Leadership and Mentoring Initiative, phase -II)
**দাতা সংস্থার নাম:** গ্লোবাল ফান্ড ফর উইমেন (Global Fund for Women)
**সময়কাল:** ২ বছর (মে ২০২১- এপ্রিল ২০২৩)
**বাজেট:** ৪২,৫০,০০০ টাকা (৫০,০০০ মার্কিন ডলার)

- **অধিকার এখানে, এখনই (RHRN- 2) প্রকল্প**

নেদারল্যান্ড পররাষ্ট্র মন্ত্রণালয় অর্থায়নে নেদারল্যান্ড ভিত্তিক সংগঠন Rutgers এর সহায়তায় এবং দেশীয় সংগঠন বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি (বন্ধু) এর সমন্বয়ে কিশোর-কিশোরী ও যুবদের যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার সুরক্ষায় Right Here Right Now (RHRN-2) প্রকল্প পরিচালিক হচ্ছে। প্রকল্পের মেয়াদকাল জুন ২০২১-ডিসেম্বর ২০২৫ পর্যন্ত। এই প্রকল্পটি বাস্তবায়ন করছে নারীপক্ষ, ব্র্যাক ও বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি (দেশীয় সমন্বয়কারী)। নারীপক্ষ এই প্রকল্পটি ৫টি বিভাগের ৯টি জেলায় এবং ১৮টি উপজেলায় বাস্তবায়ন করছে।

- **প্রকল্পের নাম: নারী ও যুব অধিকার অর্জনে সক্ষমতা বৃদ্ধি**
  দাতা সংস্হার নাম ঃ Equality Fund.
  প্রকল্প মেয়াদকাল : এপ্রিল ২০২১ থেকে মার্চ ২০২৩ পর্যন্ত
  প্রকল্প এলাকা: ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ), ঢাকা সদর

**১২। নারীপক্ষ থেকে বিভিন্ন কর্মশালা/বৈঠকে অংশগ্রহণ:**

- আর্ন্তজাতিক বঙ্গবিদ্যা পরিষদ এবং দেশবন্ধু বিশ্ববিদ্যালয় কলেজ, দিল্লী ১৩-১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে আয়োজিত **নারী স্বাধীনতা: দেশ দেশান্তরে** শীর্ষক ওয়েবিনারে কামরুন নাহার, সামিয়া আফরিন ও ফরিদা ইয়াছমিন অংশগ্রহণ করেছেন।

- **কথা বলতে না পারলে গণতন্ত্র থাকে না** -ওয়েবিনার মৌলিক অধিকার সুরক্ষা কমিটি কর্তৃক আয়োজিত ১৮ সেপ্টেম্বর ২০২১ সকাল ১১-১২:৩০ মিনিট পর্যন্ত ফরিদা ইয়াছমিন, খোদেজা রুমি, সামিয়া আফরিন, নাজমুন নাহার শেলী সহ আরো অনেক সদস্য, কর্মী অংশগ্রহণ করেন।
- ৩ মার্চ ২০২১ সিরডাপ মিলনায়তনে অক্সফাম আয়োজিত Domestic Workers Rights আলোচনা সভায় নারীপক্ষ থেকে সৈয়দ সালমা বেগম অংশগ্রহণ করেন।
- ২ মার্চ ২০২১ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জিএনএসপি ইউনিট আয়োজিত মতবিনিময় সভায় সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ২৬ জানুয়ারি ২০২১ নাগরিক উদ্যোগ আয়োজিত গণস্বাস্থ্য নগর হাসপাতালে "স্বাধীনতার ৫০ বছর উৎযাপন ও আমাদের অর্জন: বেসরকারী প্রতিষ্ঠানের ভূমিকা" বিষয়ক মতবিনিময় সভায় সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ৩০ ডিসেম্বর ২০২০ নারী মৈত্রী আয়োজিত সিকিউরিং রাইটস প্রকল্পের মাধ্যমে রাজধানীর ১৬টি এলাকায় বস্তিবাসী এবং পথবাসী নারী গৃহকর্মীদের প্রাতিষ্ঠানিকভাবে শোভন কর্মসংস্থান, অর্থনৈতিক অন্তর্ভুক্তি এবং সামাজিক সুরক্ষা প্রদান সংক্রান্ত কাজ করছে। এ বিষয়ক মতবিনিময় সবায় নারীপক্ষ'র কর্মী সেলিনা আক্তার অংশগ্রহণ করেন।
- ২৪ ডিসেম্বর ২০২০ পরিকল্পনা কমিশন আয়োজিত এনইসি সম্মেলন কক্ষ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন চত্বর এ পলিসি ব্রিফ এর উপর একটি একটি পলিসি ডায়ালগ অনুষ্ঠিত হয়, সেখানে সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।

**১৩। দেশের বাইরে এবং আন্তর্জাতিক বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারে অংশগ্রহণ:**

দেশের বাইরে বিভিন্ন প্রশিক্ষণ/কর্মসূচিতে অংশগ্রহণ/প্রতিনিধিত্ব : পাকিস্তানের একটি সংগঠন দাসতাক এর আয়েজিত 'সামাজিক যোগাযোগ মাধ্যম " এর বিষয়ে অনলাইন প্রশিক্ষণে নারীপক্ষ'র প্রায় ১২ জন সদস্য, সদস্য-কর্মী ও কর্মী যোগ দেন।

**১৪। প্রতিবাদ বিবৃতি:**

প্রতিবেদন সময়ে মোট ৪টি প্রতিবাদ-বিবৃতি প্রধান প্রধান দৈনিক প্রত্রিকায় পাঠানো হয়েছে। প্রতিবাদ-বিবৃতিগুলো যথারীতি নারীপক্ষ'র ওয়েবসাইট, ফেসবুক এবং সদস্যদের ই-মেইলে দেওয়া হয়েছে। পত্রিকায় প্রকাশিত বিবৃতিগুলো নারীপক্ষ'র সভাকক্ষের বোর্ডে দেয়া হয়েছে। প্রেরিত প্রতিবাদ বিবৃতিগুলো নিম্নরূপ:

- ৩১ ভাদ্র ১৪২৮/১৫ সেপ্টেম্বর ২০২১ **"ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি ক্যাম্পাসে 'সূর্যাস্ত আইন' জারি: নারীপক্ষ ক্ষুব্ধ ও বিস্মিত" বিষয়ে একটি** প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ১ ভাদ্র ১৪২৮/১৬ আগষ্ট ২০২১ **"প্রচারমাধ্যম খবরে নারীর ব্যক্তিগত জীবন ও পোশাক-পরিচ্ছদ নিয়ে ন্যেতিবাচক ও** অবমাননাকর **উপস্থাপন সম্পর্কে প্রেস কাউন্সিলের নীরবতায় নারীপক্ষ'র ক্ষুব্ধ প্রতিক্রিয়া" বিষয়ে একটি** প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ২৭ আষাঢ় ১৪২৮/১১ জুলাই ২০২১ **"আবারও অগ্নিকান্ডে শ্রমিক নিহতের ঘটনায় নারীপক্ষ মর্মাহত, ক্ষুব্ধ ও আশঙ্কিত"** বিষয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে। গত ৮ জুলাই ২০২১, বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ছ'টায় নারায়নগঞ্জের রূপগঞ্জ এলাকায় হাশেম ফুড লিমিটেড কারখানায় ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনায় নিহত হয়েছেন অর্ধশতাধিক শ্রমিক। আহত হয়েছেন অসংখ্য, যাঁদের অনেকেই এখনও মৃত্যুর সঙ্গে লড়ছেন।
- ২১ আষাঢ় ১৪২৮/৫ জুলাই ২০২১ **"লকডাউনে পুলিশি হয়রানি থেকে রেহাই পাচ্ছে না অসুস্থ বাচ্চা বহনকারীরাও"** বিষয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।

- ৩১ জ্যৈষ্ঠ ১৪২৮/১৪ জুন ২০২১ **“গার্ড অব অনার প্রদানে নারী ইউএনও- থাকাতে আপত্তি জানিয়ে সংসদীয় কমিটির সুপারিশ: জন-প্রতিনিধিদের এই হীনমন্যতা ও ধৃষ্টতায় নারীপক্ষ হতবাক ও ক্ষুব্ধ”** বিষয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ৪ জ্যৈষ্ঠ ১৪২৮/১৮ মে ২০২১ **“সাংবাদিক রোজিনা ইসলামকে সচিবালয়ে আটকে রেখে হেনস্তা এবং গ্রেফতার, নির্যাতনে নারীপক্ষ’র তীব্র নিন্দা ও ক্ষোভ”** বিষয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ২৬ বৈশাখ ১৪২৮/৯ মে ২০২১ **“নির্যাতন, নিপীড়ন বা সহিংসতার শিকার নারীকে দোষারোপের সংস্কৃতির অবসান দাবী”** বিষয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ২৬ বৈশাখ ১৪২৮/৯ মে ২০২১ **“গাছ কেটে প্রাণ-প্রকৃতি ধ্বংস করা এখনই বন্ধ হোক”** বিষয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ৫ বৈশাখ ১৪২৮/১৮ এপ্রিল ২০২১ “বাঁশখালীতে গুলি করে শ্রমিক হত্যায় নারীপক্ষ’র তীব্র নিন্দা ও ক্ষোভ” বিষয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ৩১ জানুয়ারি ২০২১, কেন্দ্রীয় শহীদ মিনারে কিশোরী মীমকে ধর্ষণ করে হত্যা করেছে যুবক খায়ের। ১৯ মাঘ ১৪২৭/০২ ফেব্রুয়ারি ২০২১ “কেন্দ্রীয় শহীদ মিনারেও ধর্ষণ ও হত্যার শিকার নারী! আমরা কি এই বাংলাদেশ চেয়েছিলাম?” বিষয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ২৭ পৌষ ১৪২৭/১১ জানুয়ারি ২০২১ নারী নিকাহ রেজিস্ট্রার হতে পারবে না মর্মে আইন মন্ত্রণালয়ের সিদ্ধান্ত বহাল রেখে হাইকোর্টের দেওয়া রায়ে **নারীপক্ষ থেকে** “নারী নিকাহ রেজিস্ট্রার হতে পারবে না”- হাইকোর্টের রায় আমরা বিস্মিত, হতাশ ও ক্ষুব্ধ” বিষয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ১৮ পৌষ ১৪২৭/০২ জানুয়ারি ২০২১ “আবারও চলন্ত বাসে তরুণীকে ধর্ষণ চেষ্টা! কঠোর আইন নয়, আইনের কঠোর প্রয়াগ করে বন্ধ করা হোক ধর্ষণ অপরাধ” বিষয়ে একটি প্রতিবাদ বিবৃতি দেয়া হয়েছে।
- ১৫ পৌষ ১৪২৭/৩০ ডিসেম্বর ২০২০ “চিকিৎসক নাপিতকে বিয়ে করায় পুলিশ সুপারের ঔদ্ধত্বপূর্ণ আচরণের নিন্দা ও সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়ার দাবি” জানিয়ে একটি বিবৃতি দেয়া হয়েছে।

**প্রতিবাদ বিবৃতিগুলো নারীপক্ষ’র ওয়েব সাইট ও ফেসবুকে দেয়া হয়েছে।**

**১৫। প্রতিবাদ জানিয়ে বিভিন্ন মন্ত্রণালয়ে ও অন্যান্যদের চিঠি:**

- পত্র-পত্রিকাসহ বিভিন্ন প্রচার মাধ্যমে চিত্রনায়িকা পরীমনিকে নিয়ে নানারকম আপত্তিকর খবর পরিবেশন এর প্রতিবাদ জানিয়ে গত ৮ ভাদ্র ১৪২৮/২৩ আগস্ট ২০২১ বাংলাদেশ প্রেস কাউন্সিল এর চেয়ারম্যান/সচিব বরাবর একটি চিঠি দেয়া হয়েছে। চিঠির বিষয় ছিল “প্রচারমাধ্যমে নারীর ব্যক্তিগত জীবন এবং পোশাক-পরিচ্ছদ নিয়ে নেতিবাচক ও অবমাননাকর উপস্থাপন বন্ধে ব্যবস্থা গ্রহণ”।

**১৬। অভিনন্দনপত্র:**

- ফরিদা ইয়াসমিন জাতীয় প্রেসক্লাবের ব্যবস্থাপনা কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন এবং বাংলাদেশে এই প্রথমবার একজন নারী সাংবাদিক জাতীয় প্রেসক্লাবের ব্যবস্থাপনা কমিটির সভাপতি পদটিতে অধিষ্ঠিত হয়েছে সেজন্য গত ১৯ পৌষ ১৪২৭/৩ জানুয়ারি ২০২১ তাঁকে একটি অভিনন্দন পত্র দেয়া হয়েছে।
- ২৩ মাঘ ১৪১৯/৬ ফেব্রুয়ারি ২০২১ ছায়ানটের সভাপতি অধ্যাপক ড. সন্‌জীদা খাতুন ‘পদ্মশ্রী’ সম্মাননা প্রাপ্তিতে ভূষিত হওয়ায় নারীপক্ষ’র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে তাঁকে প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে একটি অভিনন্দনপত্র দেয়া হয়েছে।

১৭। **শোকবার্তা ও শোক সংবাদঃ**

- ফারুক হায়দার, শিল্প সংস্কৃতির পৃষ্ঠপোশক গত ৫ সেপ্টেম্বর ২০২১ মারা যান। তিনি ২০০২ সালে নারীপক্ষ'র সাথে যুক্ত হয়েছেন। নারীপক্ষ সদস্যদের আকাঙ্খা, স্বপ্ন, সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য স্পষ্টত ব্যক্ত করতে ও সাংগঠনিক কাঠামো নির্ধারণে সহযোগীতা করতে তিনি সদস্যদের সাথে প্রায় ১ মাস ব্যাপী ধারাবাহিকভাবে বেশ কয়েকটি কর্মশালা সঞ্চালনা করেছেন। পুরো কাজটি করার জন্য তিনি কোন পারিশ্রমিক নেননি।
- কমলা ভাসিন, সাঙ্গাত এর প্রতিষ্ঠাতা এবং দক্ষিন এশিয়ার বিশিষ্ট নারীবাদী নেত্রী। তিনি গত ২৫ সেপ্টেম্বর ২০২১ মারা গেছেন।
- কবি ফরিদা মজিদ (মিতির খালা) তিনি নাসরীন হক এক এর মৃত্যু বার্ষিকীতে নিয়মিত অংশগ্রহণ করতেন।
- মরিয়ম মান্নান, চুপরীয়া মহিলা কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক তাঁর মা ফাতেমা খাতুন মারা গেছেন।
- নাট্যজন ড. ইনামুল হক গত ১১ অক্টোবর ২০২১ মারা গেছেন।
- দুর্বার ঢাকা অঞ্চল এবং দুর্বারের কেন্দ্রীয় সভানেত্রী মাহমুদা খাতুন এর স্বামী মোঃ রাশেদুল হাসান গত ১৬ অক্টোবর ২০২১ মারা গেছেন।
- রোকসানা আক্তার রুনু, নারীপক্ষ'র প্রাক্তন সদস্য মারা গেছেন।
- কাউছার পারভীন, নির্বাহী পরিচালক বরিশাল মহিলা কল্যান সংস্থা, বরিশাল তাঁর স্বামী মো: রফিকুল ইসলাম মৃধা মারা যাওয়ায় নারীপক্ষ থেকে শোকবার্তা দেয়া হয়েছে।
- আনোয়ারা বেগম, নির্বাহী পরিচালক, নারকাটা ঝিরি একতা মহিলা সমিতি, বান্দরবান এর স্বামী আলহাজ মোহাম্মদ আলী আকন্দ মারা গেছেন।
- মিতা হক গত ১১ এপ্রিল ২০২১ মারা যান, তিনি একজন বাংলাদেশী রবীন্দ্র সঙ্গীত শিল্পী ছিলেন। তিনি বাংলাদেশ বেতারের সর্বোচ্চ গ্রেডের তালিকাভুক্ত শিল্পী। তিনি নারীপক্ষ'র সকলের প্রাণপ্রিয় বন্ধু ছিলেন।
- এ্যাসোসিয়েশন ফর অলটারনেটিভ ডেভেলপমেন্ট (এএফএডি) এর নির্বাহী প্রধান সাইদা ইয়াসমিন এর মা মোছা: জাহানারা বেগম এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে গত ২০ আশ্বিন ১৪২৮/৫ অক্টোবর ২০২১ এবং তাঁর বাবা মো: ওমর আলী মন্ডল ২০ জুন ২০২১ এ মারা যায়। তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রত্যেকের প্রতি গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে ২টি শোকবার্তা দেয়া হয়েছে।
- অনন্যা বহুমুখি কল্যান সংস্থার সভানেত্রী হাছিনা চৌধুরীর মা আনোয়ার বেগম লাইলী এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য কর্মীর পক্ষ থেকে গত ২৭ সেপ্টেম্বর ২০২১ একটি শোকবার্তা দেয়া হয়েছে।
- মানুষের জন্য ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক, শাহীন আনাম এর মা মুসলেহা ইসলাম এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে গত ৭ ভাদ্র ১৪২৮/২২ আগস্ট ২০২১ শোকবার্তা দেয়া হয়েছে।
- গণস্বাস্থ্য কেন্দ্র হাসপাতাল এর সিনিয়র কর্মী শিরিয়া খানম ২৫ জুলাই ২০২১, রাত ৮ টায় কোভিড-১৯ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন।
- কাজী সুজাউদ্দীন আহমেদ মোনাম, ২৩ জুলাই ২০২১ কাভিড-১৯ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তিনি নারীপক্ষ'র সদস্য কাজী কাঞ্চন এর ছোট ভাই।

- আনোয়ারা বেগম গত ১৩ জুলাই ২০২১, সকাল ৬.৩০ মিনিটে কিডনি রোগের সমস্যা এবং কোভিড-১৯ আক্রান্ত হয়ে নিউ লাইফ হাসপাতালে মৃত্যুবরণ করেন। তিনি নারীপক্ষ'র সদস্য সাবিয়া সুলতানা-র ননাস।
- নোয়াখালীর সদস্য লুৎফুন নাহার আজাদ হৃদ রোগে আক্রান্ত হয়ে ইবনে সিনা হাসপাতালে ৯ জুলাই ২০২১, শুক্রবার বিকাল ৫ টায় মৃত্যুবরণ করেন।
- শাহনাজ খন্দকার সুমি, জয়তী সোসাইটি (কর্মরত ছিলেন), যশোর ১৪ জুলাই ২০২১ মৃত্যুবরণ করেন। তাছাড়া তিনি অধিকার আন্দোলনে নারীর নেতৃত্ব বিকাশ প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণ নিয়েছিলেন।
- কুড়িগ্রাম জেলার বীরাঙ্গনা সুরুজ্জান বেওয়া বার্ধক্যজনিত কারণে গত ২০ জুলাই ২০২১ মঙ্গলবার, সকাল ৬ টায় মৃত্যুবরণ করেন।
- আওয়াজ ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক, নাজমা আক্তার এর বাবা মোঃ ওলি মিঞা এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রত্যেকের প্রতি গভীর সমবেদনা ও শোক জানিয়ে গত ১ চৈত্র ১৪২৭/ ১৫ মার্চ ২০২১ একটি শোক বার্তা দেয়া হয়েছে।
- নারীপক্ষ'র বন্ধু ও সুহৃদ লুনা সামসুদ্দোহা এর মৃত্যুতে তাঁর স্বামী এ কে এম সামসুদ্দোহা কে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে তঁঅর শোকসন্তপ্ত পরিবারের প্রত্যেকের প্রতি গভীর সমবেদনা ও শোক প্রকাশ করে গত ১১ ফাল্গুন ১৪২৭/২৪ ফেব্রুয়ারি ২০২১ একটি শোকবার্তা দেয়া হয়েছে।
- ১ ফাল্গুন ১৪২৭/১৪ ফেব্রুয়ারী ২০২১ পটুয়াখালী জেলার সদর থানার ইটবাড়িয়া গ্রামের বীরাঙ্গনা মনোয়ারা বেগম এর মৃত্যুতে নারীপক্ষ'র প্রত্যেক সদস্য ও কর্মীর পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করে তাঁর প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে একটি শোকবার্তা পত্রিকায় দেয়া হয়েছে।
- 'আশা'র প্রতিষ্ঠাতা ও সভাপতি, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা জনাব সফিকুল হক চৌধুরী এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে গভীর সমবেদনা ও শোক প্রকাশ করে গত ২ ফাল্গুন ১৪২৭/১৫ ফেব্রুয়ারি ২০২১ আশা'র বর্তমান সভাপতি বরাবর একটি শোকবার্তা দেয়া হয়েছে।
- বিশিষ্ট সাংবাদিক, আইন সংবিধান ও বিচারব্যবস্থা বিশেষজ্ঞ মিজানুর রহমান খান এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে তাঁর মা ও তাঁর স্ত্রীকে গভীর সমবেদনা ও শোক জানিয়ে ২টি শোকবার্তা গত ১৭ মাঘ ১৪২৭/৩১ জানুয়ারি ২০২১ দেয়া হয়েছে।
- বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি , বাংলাদেশের নারী আন্দোলনের একজন অগ্রযোদ্ধা, নারীদের পক্ষে এক বলিষ্ঠ শক্তি এবং নারী-পুরুষের সমতা প্রতিষ্ঠার লড়াইয়ে একজন অবিসংবাদিত নেতা আয়শা খানম এর মৃত্যুতে নারীপক্ষ থেকে মহিলা পরিষদ এর সকল সদস্য ও কর্মীবৃন্দ বরাবর এবং প্রযত্নে: ডা. মালেকা বানু, সাধারণ সম্পাদক বরাবরে গত ২৬ পৌষ ১৪২৭/১০ জানুয়ারি ২০২১ একটি শোকবার্তা দেয়া হয়েছে।
- বিশিষ্ট শিক্ষক অধ্যাপক কাশীনাথ রায় এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রত্যেকের প্রতি গভীর সমবেদনা ও শোক প্রকাশ করে তাঁ ছেলে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর সহযোগী অধ্যাপক ড. অপ্রতীম রায় কে গত ১১ মাঘ ১৪২৭/২৫ জানুয়ারি ২০২১ একটি শোকবার্তা দেয়া হয়েছে।
- বিশিষ্ট নাট্যজন, সাংস্কৃতিক আন্দোলনের পুরোধা ব্যক্তি, সফল ব্যবসায়ী, মুক্তিযুদ্ধ জাদুঘরের অন্যতম ট্রাষ্টি ও কলাম লেখক আলী যাকের- এর মৃত্যুতে নারীপক্ষ'র সকল সদস্য ও কর্মীর পক্ষ থেকে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রত্যেককে গভীর সমবেদনা ও শোক জানিয়ে সারা যাকের কে গত ৩০ অগ্রহায়ণ ১৪২৭/১৫ ডিসেম্বর ২০২০ একটি শোক বার্তা দেয়া হয়েছে।

**১৮। সদস্য সংবাদ**

- নারীপক্ষ'র নোয়াখালীর সদস্য, লুৎফুন নাহার আজাদ আজ ৯ জুলাই ২০২১, শুক্রবার বিকাল ৫ টায় ইন্তেকাল করেছেন। তিনি হৃদরোগে আক্রান্ত হয়ে ঢাকার ইবনে সিনা হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।
- নারীপক্ষ'র যশোরের সদস্য সুফিয়া বেগম এর স্বামী মোঃ নাজমুল করিম গত ১০ জানুয়ারি ২০২১ রাতে মারা গেছেন।

**২৯। কর্মী সংবাদ**

- লিপি লিলিয়ান রোজারিও, সহ প্রকল্প ব্যবস্থাপক পদে ১ সেপ্টেম্বর ২০২১ ফাতেমা তুজ জোবাইদা, প্রকল্প কর্মকর্তা পদে ২ অক্টোবর ২০২১, তন্বী সোম, প্রকল্প কর্মকর্তা পদে ২ অক্টোবর ২০২১ 'নারীর এগিয়ে চলা' প্রকল্পে যোগদান করেছেন।
- ফরিদা ইয়াছমিন, প্রকল্প ব্যবস্থাপক, AJH (Covid-19 Response) প্রকল্পে ২৫ আগস্ট ২০২১ যোগাদান করেছেন।
- সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার কর্মসূচিতে প্রকল্প পরিচালক পদে সদস্য কামরুন নাহার, নার্গিস সুলতানা, ব্যবস্থাপক প্রশাসন পদে ও উর্ধ্বতন প্রকল্প কর্মকর্তা পদে হাসিনা বেগম যোগদান করেছেন। সহ কর্মসূচী ব্যবস্থাপক পদে সদস্য জাহানারা খাতুন ও সহ কর্মসূচি ব্যবস্থাপক হিসাব পদে সদস্য সাবিয়া সুলতানা যোগদান করেছেন। নাফিস ইবতিদা চৌধুরী, ডকুমেন্টেশন ও আইটি পদে ১৭ অক্টোবর ২০২১ যোগাদান করেছেন। সৈয়দা ফিরোজা খানম রুমী ডকুমেন্টেশন ও আইটি পদে যোগদান করে পরবর্তীতে চাকুরী থেকে অব্যাহতি নিয়েছেন।
- 'নারী ও যুব অধিকার অর্জনে সক্ষমতা বৃদ্ধি' প্রকল্পে সহ ব্যবস্থাপক এ্যাডভোকেসী পদে নাছিমা শাহীন যোগদান করেছেন।
- অধিকার এখানে, এখনই (Right Here Right Now) RHRN 2 প্রকল্পে নাজমুজ জামান হিসাব রক্ষণ কর্মকর্তা পদে, মেরিয়ান রোজারিও সেতু ও তাহসিন রহমান এবং আসমা শনবম প্রকল্প কর্মকর্তা পদে যোগদান করেছেন।
- নতুন প্রজন্মের নারীর নেতৃত্ব বিকাশ প্রকল্প - এ উজ্জীমান আক্তার, উর্ধ্বতন প্রকল্প কর্মকর্তা হিসেবে যোগদান করেন
- সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার কর্মসূচির প্রথম ফেস শেষ হয় জানুয়ারি ২০২১। উক্ত প্রকল্পের কর্মী নাজমা বেগম ও রহিমা খাতুন প্রথম ফেস শেষ হওয়ায় চাকুরী থেকে অব্যাহতি দেয়া হয়।
- সাংগঠনিক শক্তিবৃদ্ধি ও কর্মজাল প্রসার কর্মসূচিতে ২ জন এবং অধিকার এখানে, এখনই প্রকল্পে ২ জন শিক্ষানবীশ যোগদান করেছেন।
- হিসাব রক্ষণ কর্মকর্তা রফিকুল ইসলাম গত ১৭ ডিসেম্বর ২০২০ পুত্র সন্তানের পিতা হয়েছেন।

প্রতিবেদন প্রস্তুত:
মোঃ আজাদ হোসেন
সহকারী ডকুমেন্টেশন ও তথ্য পযুক্তি কর্মকর্তা
নারীপক্ষ।

সম্পাদনায় :
নাজমুন নাহার শেলী
প্রচার সম্পাদক
নারীপক্ষ ।

অনুমোদন:
মাহমুদা বেগম গিনি
সভানেত্রী
নারীপক্ষ।